সংস্কৃত ব্যাকরণের

# উপক্রমণিকা





বগলারঞ্জন দাস

শ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক অনুমোদিত পাঠ্য-সূচী অনুযায়ী পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত সংস্করণ। কলিকাতা গেজেট, ৬ই আগষ্ট, ১৯৫৩।
(Notification No. Syl./29. dated 2nd. July, 1953.)

সংস্কৃত-ব্যাকরণের

# উপক্রমণিকা

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

প্রণীত

শ্রীবগলারঞ্জন দাস-সম্পাদিত

[ একবিংশ সংস্করণ ]

১৯৫৫

প্রকাশক—
শ্রীভুবনমোহন মজুমদার, বি. এস্-সি
**শ্রীগুরু লাইব্রেরী**
২০৪নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা—৬



মুদ্রাকর—
শ্রীউপেন্দ্রমোহন বিশ্বাস, এম্. এ. (কম্.), বি. এল.
**আই. এন. এ. প্রেস**
১৭৩, রমেশ দত্ত ষ্ট্রীট্, কলিকাতা—৬

This Edition
Is Dedicated
To The Sacred Memory of
The Late Ananda Mohan Bose Esq., M. A.,
Barrister-At-Law
As A Sincere Token of
Deep Regards And Gratitude.

# বিজ্ঞাপন

................প্রথমেই সংস্কৃতভাষায় লিখিত সংস্কৃত-ব্যাকরণ সমাপ্ত করিয়াই, একেবারে রঘুবংশ প্রভৃতি উৎকৃষ্ট কাব্য পড়িতে আরম্ভ করা কোনও অংশে শ্রেয়স্কর বোধ না হওয়াতে..............সরল বাঙ্গালা ভাষায় ব্যাকরণ সঙ্কলন ও দুই তিনখানি সহজ সংস্কৃত পুস্তক প্রস্তুত করা অত্যাবশ্যক বোধ হওয়াতে, প্রথমপাঠার্থে সংস্কৃত-ব্যাকরণের উপক্রমণিকা নামে এই পুস্তক প্রস্তুত ও প্রচারিত হইল।

কলিকাতা, সংস্কৃত কলেজ।
১লা অগ্রহায়ণ, সংবৎ ১৯০৮ — শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা

## একবিংশ সংস্করণের ভূমিকা।

পূজনীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের সংস্কৃত ব্যাকরণের উপক্রমণিকা বহিখানি মাধ্যমিক শিক্ষা-পর্ষৎ কর্ত্তৃক সপ্তম ও অষ্টম শ্রেণীর পাঠ্য-তালিকা অনুযায়ী প্রকাশিত হইল। আদি সংস্করণ হইতে ধাতুপাঠ, কারক প্রকরণ প্রভৃতি এবং কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের আলোচনায় কতক পরিবর্ত্তন ও সংশোধন করা হইল। দেবনাগর বর্ণ পরিচয় পাঠ্য-তালিকার অন্তর্ভুক্ত নয় বলিয়া পুস্তকের কলেবর বৃদ্ধি না করিয়া ইহা সংযোজিত করা হইল না। এই সংস্করণ দ্বারা শিক্ষার্থিগণের প্রয়োজন সাধিত হইলেই কৃতার্থ হইব। ইতি ১০।২।৫৪

শ্রীবগলা প্রসন্ন দেবশর্ম্মা বি-এ.
ভূতপূর্ব্ব হেড্‌মাষ্টার
কালীগঞ্জ ও জয়দেবপুর
উচ্চ-ইংরেজী বিদ্যালয়।

4293

সংস্কৃত-ব্যাকরণের

# উপক্রমণিকা

## বর্ণ-নির্ণয়

১। অ ই উ, ক খ গ ইত্যাদির এক একটিকে বর্ণ বলে। বর্ণ দ্বিবিধ ঃ—স্বর ও ব্যঞ্জন।

### স্বরবর্ণ

২। যে সকল বর্ণ অন্য বর্ণের আশ্রয় ব্যতিরেকে স্বতন্ত্র উচ্চারিত হয়, তাহাদিগকে **স্বরবর্ণ** বলে।—অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ, এই ত্রয়োদশটি স্বরবর্ণ। স্বর দুই প্রকার ঃ—হ্রস্ব ও দীর্ঘ; অ ই উ ঋ ঌ, এই পাঁচটি **হ্রস্ব স্বর**; আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ, এই আটটি **দীর্ঘ স্বর**। দীর্ঘ ঌকার ( ৡ ) নাই।

### ব্যঞ্জনবর্ণ

৩। যে সকল বর্ণ স্বরবর্ণের আশ্রয় ব্যতিরেকে স্বতন্ত্র উচ্চারিত হয় না, তাহাদিগকে **ব্যঞ্জনবর্ণ** বলে।—ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব, শ ষ স হ, ং ঃ, এই পঁয়ত্রিশটি ব্যঞ্জনবর্ণ।

ক হইতে ম পর্য্যন্ত পঁচিশটি ব্যঞ্জনবর্ণকে স্পর্শ বর্ণ বলে। স্পর্শ বর্ণসকল পাঁচ বর্গে বিভক্ত। ক খ গ ঘ ঙ, এই পাঁচটি

**কবর্গ**। চ ছ জ ঝ ঞ, এই পাঁচটি **চবর্গ**। ট ঠ ড ঢ ণ, এই পাঁচটি **টবর্গ**। ত থ দ ধ ন, এই পাঁচটি **তবর্গ**। প ফ ব ভ ম, এই পাঁচটি **পবর্গ**।

য র ল ব এই চারিটি **অন্তঃস্থ বর্ণ**। শ ষ স হ ইহাদের নাম **উষ্ম বর্ণ**। ং ( অনুস্বার ) এবং ঃ ( বিসর্গ ), এই দুই বর্ণকে **অযোগবাহ** বলে।

## বর্ণের উচ্চারণস্থান

৪। অ আ হ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ; এজন্য ইহাদিগকে কণ্ঠ্য বর্ণ বলে।

৫। ক খ গ ঘ ঙ, ইহাদের উচ্চারণস্থান জিহ্বামূল ; এজন্য ইহাদিগকে জিহ্বামূলীয় বর্ণ বলে।

৬। ই ঈ চ ছ জ ঝ ঞ য শ, ইহাদের উচ্চারণস্থান তালু ; এজন্য ইহাদিগকে তালব্য বর্ণ বলে।

৭। ঋ ৠ ট ঠ ড ঢ ণ র ষ, ইহাদের উচ্চারণস্থান মূর্দ্ধা ; এজন্য ইহাদিগকে মূর্দ্ধন্য বর্ণ বলে।

৮। ঌ ত থ দ ধ ন ল স, ইহাদের উচ্চারণস্থান দন্ত ; এজন্য ইহাদিগকে দন্ত্য বর্ণ বলে।

৯। উ ঊ প ফ ব ভ ম, ইহাদের উচ্চারণস্থান ওষ্ঠ ; এজন্য ইহাদিগকে ওষ্ঠ্য বর্ণ বলে।

১০। এ ঐ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ও তালু ; এজন্য ইহাদিগকে কণ্ঠ্যতালব্য বর্ণ বলে।

১১। ও ঔ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ; এজন্য ইহাদিগকে কণ্ঠ্যৌষ্ঠ্য বর্ণ বলে।

১২। অন্তঃস্থ বকারের উচ্চারণস্থান দন্ত ও ওষ্ঠ; এজন্য ইহাকে দন্ত্যৌষ্ঠ্য বর্ণ বলে।

১৩। ং (অনুস্বারের) উচ্চারণস্থান নাসিকা; এজন্য ইহাকে অনুনাসিক বর্ণ বলে।

১৪। ঃ (বিসর্গ) আশ্রয়স্থানভাগী অর্থাৎ যখন যে স্বরবর্ণের পরে থাকে, সেই স্বরবর্ণের উচ্চারণস্থানই বিসর্গের উচ্চারণস্থান।

১৫। ঙ ঞ ণ ন ম, ইহারা জিহ্বামূল ও তালু প্রভৃতির ন্যায় নাসিকাতেও উচ্চারিত হয়; এজন্য ইহাদিগকে অনুনাসিক বর্ণও বলে।

## অনুশীলনী

১। বর্ণ কাহাকে বলে? বর্ণ কয় প্রকার ও কি কি?

২। স্বরবর্ণ কাহাকে বলে? স্বরবর্ণ কয় প্রকার ও কি কি? উচ্চারণ-ভেদে কয়েকটি স্বরবর্ণের নাম কর।

৩। ব্যঞ্জনবর্ণ কাহাকে বলে? কয়েকটি ব্যঞ্জনবর্ণের নাম কর।

৪। স্পর্শ বর্ণ কাহাকে বলে? উহা কয় ভাগে বিভক্ত? উহাদের এক একটি ভাগকে কি বলে? কোন্ কোন্ বর্ণ অযোগবাহ?

৫। কি কি বর্ণকে কণ্ঠ্য বর্ণ বলে? উহাদিগকে কণ্ঠ্য বর্ণ বলা হয় কেন?

৬। মূর্দ্ধন্য বর্ণ ও ওষ্ঠ্য বর্ণ বলিতে কি বুঝায়?

৭। কণ্ঠ্যতালব্য বর্ণ কি কি? উহাদিগকে কণ্ঠ্যতালব্য বর্ণ বলা হয় কেন?

৮। অনুনাসিক বর্ণ কোন্‌টি? উহাকে অনুনাসিক বর্ণ বলা হয় কেন?

৯। বিসর্গের উচ্চারণস্থান কোথায়?

# সন্ধি-প্রকরণ

## সন্ধি

১৬। দুই বর্ণ পরস্পর নিকটবর্ত্তী হইলে মিলিত হয়। এই মিলনকে **সন্ধি** বলে। সন্ধি দুই প্রকার :—**স্বরসন্ধি** ও **ব্যঞ্জনসন্ধি**। স্বরবর্ণে স্বরবর্ণে যে সন্ধি হয়, তাহাকে স্বরসন্ধি বলে। আর ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে অথবা ব্যঞ্জনবর্ণে ও স্বরবর্ণে যে সন্ধি হয়, তাহাকে ব্যঞ্জনসন্ধি বলে।

## স্বরসন্ধি

১৭। যদি অকারের পর অকার কিংবা আকার থাকে, উভয়ে মিলিয়া আকার হয়। আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। অ + অ = আ। যথা—শশ + অঙ্কঃ = শশাঙ্কঃ; অদ্য + অবধি = অদ্যাবধি। অ + আ = আ। দেব + আলয়ঃ = দেবালয়ঃ; কুশ + আসনম্ = কুশাসনম্।

১৮। যদি আকারের পর অকার কিংবা আকার থাকে, উভয়ে মিলিয়া আকার হয়। আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। আ + অ = আ। যথা—দয়া + অর্ণবঃ = দয়ার্ণবঃ; মহা + অর্ঘঃ = মহার্ঘঃ। আ + আ = আ। যথা—মহা + আশয়ঃ = মহাশয়ঃ; বিদ্যা + আলয়ঃ = বিদ্যালয়ঃ।

১৯। যদি (হ্রস্ব) ইকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া (দীর্ঘ) ঈকার হয়। ঈকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। ই + ই = ঈ। যথা—গিরি + ইন্দ্রঃ = গিরীন্দ্রঃ;

অতি + ইব = অতীব। ই + ঈ = ঈ। যথা—ক্ষিতি + ঈশঃ = ক্ষিতীশঃ ; প্রতি + ঈক্ষা = প্রতীক্ষা।

২০। যদি (দীর্ঘ) ঈকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া (দীর্ঘ) ঈকার হয়। ঈকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। ঈ + ই = ঈ। যথা—মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ ; মহতী + ইচ্ছা = মহতীচ্ছা। ঈ + ঈ = ঈ। যথা—লক্ষ্মী + ঈশঃ = লক্ষ্মীশঃ ; পৃথ্বী + ঈশ্বরঃ = পৃথ্বীশ্বরঃ।

২১। যদি (হ্রস্ব) উকারের পর উ কিংবা (দীর্ঘ) ঊ থাকে, উভয়ে মিলিয়া ঊকার হয়। ঊকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। উ + উ = ঊ। যথা—বিধু + উদয়ঃ = বিধূদয়ঃ ; মধু + উৎসবঃ = মধূৎসবঃ। উ + ঊ = ঊ। যথা—লঘু + ঊর্ম্মিঃ = লঘূর্ম্মিঃ ; গুরু + ঊহঃ = গুরূহঃ।

২২। যদি (দীর্ঘ) ঊকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া (দীর্ঘ) ঊকার হয়। ঊকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। ঊ + উ = ঊ। যথা—বধূ + উৎসবঃ = বধূৎসবঃ ; স্বয়ম্ভু + উদয়ঃ = স্বয়ম্ভূদয়ঃ। ঊ + ঊ = ঊ। যথা—ভূ + ঊর্দ্ধম্ = ভূর্দ্ধম্ ; বধূ + ঊহনম্ = বধূহনম্।

২৩। যদি ঋকারের পর ঋকার থাকে, উভয়ে মিলিয়া (দীর্ঘ) ৠকার হয়। ৠকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। ঋ + ঋ = ৠ। যথা—পিতৃ + ঋণম্ = পিতৄণম্, ভ্রাতৃ + ঋদ্ধিঃ = ভ্রাতৄদ্ধিঃ।

২৪। যদি অকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া একার হয়। একার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। অ + ই = এ।

যথা—দেব+ইন্দ্রঃ=দেবেন্দ্রঃ। অ+ঈ=এ। গণ+ঈশঃ= গণেশঃ; অব+ঈক্ষণম্=অবেক্ষণম্।

২৫। যদি আকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া একার হয়। একার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। আ+ই=এ। যথা—মহা+ইন্দ্রঃ=মহেন্দ্রঃ। আ+ঈ=এ। যথা—রমা+ ঈশঃ=রমেশ।

২৬। যদি অকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া ওকার হয়। ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। অ+উ=ও। যথা— নীল+উৎপলম্=নীলোৎপলম্; সূর্য্য+উদয়ঃ=সূর্য্যোদয়ঃ। অ+ঊ=ও। যথা—এক+ঊনবিংশতিঃ=একোনবিংশতিঃ; গৃহ+ঊর্দ্ধম্=গৃহোর্দ্ধম্।

২৭। যদি আকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া ওকার হয়। ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। আ+উ=ও। যথা—মহা+উদয়ঃ=মহোদয়ঃ; গঙ্গা+উদকম্=গঙ্গোদকম্। আ+ঊ=ও। গঙ্গা+ঊর্ম্মিঃ=গঙ্গোর্ম্মিঃ; মহা+ঊর্ম্মিঃ= মহোর্ম্মিঃ।

২৮। যদি অকারের পর ঋ থাকে, ঋ স্থানে র্ (রেফ্) হয়। র্ (রেফ্) পরবর্ণের মস্তকে যায়। অ+ঋ=অর্। যথা—দেব+ঋষি=দেবর্ষি; হিম+ঋতুঃ=হিমর্ত্তুঃ।

২৯। যদি আকারের পর ঋ থাকে, আকার স্থানে অকার হয় এবং ঋ স্থানে র্ (রেফ্) হয়। র্ (´) পরবর্ণের মস্তকে

যায়। আ + ঋ = অর্। যথা—মহা + ঋষিঃ = মহর্ষিঃ ; দেবতা + ঋষভঃ = দেবতর্ষভঃ।

৩০। যদি অকারের পর এ কিংবা ঐ থাকে, উভয়ে মিলিয়া ঐকার হয়। ঐকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। অ + এ = ঐ। যথা—অদ্য + এব = অদ্যৈব ; এক + একম্ = একৈকম্। অ + ঐ = ঐ। মত + ঐক্যম্ = মতৈক্যম্ ; তব + ঐশ্বর্য্যম্ = তবৈশ্বর্য্যম্।

৩১। যদি আকারের পর এ কিংবা ঐ থাকে, উভয়ে মিলিয়া ঐকার হয়। ঐকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। আ + এ = ঐ। যথা—সদা + এব = সদৈব ; তথা + এতৎ = তথৈতৎ। আ + ঐ = ঐ। মহা + ঐরাবতঃ = মহৈরাবতঃ ; মহা + ঐশ্বর্য্যম্ = মহৈশ্বর্য্যম্।

৩২। যদি অকারের পর ও কিংবা ঔ থাকে, উভয়ে মিলিয়া ঔকার হয়। ঔকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। অ + ও = ঔ। যথা—জল + ওঘঃ = জলৌঘঃ ; গ্রাম + ওকঃ = গ্রামৌকঃ। অ + ঔ = ঔ। চিত্ত + ঔদার্য্যম্ = চিত্তৌদার্য্যম্ ; গত + ঔৎসুক্যম্ = গতৌৎসুক্যম্।

৩৩। যদি আকারের পর ও কিংবা ঔ থাকে, উভয়ে মিলিয়া ঔকার হয়। ঔকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। আ + ও = ঔ। যথা—মহা + ওষধিঃ = মহৌষধিঃ। আ + ঔ = ঔ। মহা + ঔদার্য্যম্ = মহৌদার্য্যম্।

৩৪। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে (হ্রস্ব) ই স্থানে য্ (J) হয়। য্ (J) পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর য্ কারে

যুক্ত হয়। ই+অ=য্ (্য)+অ। যথা—যদি+অপি=যদ্যপি। ই+আ=য্+আ (্যা)। অতি+আচারঃ=অত্যাচারঃ। ই+উ =য্+উ (্যু)। অভি+উদয়ঃ=অভ্যুদয়ঃ। ই+ঊ=য্+ঊ (্যূ)। প্রতি+ঊহঃ=প্রত্যূহঃ। ই+ঋ=য্+ৃ (্যৃ)। মুনি+ঋষভঃ+মুন্যৃষভঃ। ই+এ=য্+এ (্যে)। প্রতি+একম্=প্রত্যেকম্। ই+ঐ=য্+ঐ (্যৈ)। অতি+ঐশ্বর্য্যম্=অত্যৈশ্বর্য্যম্। ই+ও=য্+ও (্যো)। পচতি+ওদনম্=পচত্যোদনম্। ই+ঔ=য্+ঔ (্যৌ)। অতি+ঔদার্য্যম্=অত্যৌদার্য্যম্।

৩৫। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, (দীর্ঘ) ঈ স্থানে য (্য) হয়। য্ (্য) পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর য্‌কারে যুক্ত হয়। ঈ+অ=য্+অ। যথা—নদী+অম্বু=নদ্যম্বু। ঈ+আ=য্+আ (্যা)। দেবী+আগতা=দেব্যাগতা। ঈ+উ=য্+উ (্যু)। সখী+উক্তম্=সখ্যুক্তম্। ঈ+ঊ=য্+ঊ (্যূ)। শশী+ঊর্দ্ধগঃ=শশ্যূর্দ্ধগঃ;

বলী+ঋষভঃ=বল্যৃষভঃ। ঈ+ঋ=য্+ঋ (্যৃ)।
গোপী+এষা=গোপ্যেষা। ঈ+এ=য+এ (্যে)।
বলী+ঐরাবতঃ=বল্যৈরাবতঃ। ঈ+ঐ=য্+ঐ (্যৈ)।
সরস্বতী+ওঘঃ=সরস্বত্যোঘঃ। ঈ+ও=য্+ও (্যো)।
বাণী+ঔচিত্যম্=বাণ্যৌচিত্যম্। ঈ+ঔ=য্+ঔ (্যৌ)।

৩৬। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, (হ্রস্ব) উ স্থানে ব্ হয়। ব্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর ব্‌কারে যুক্ত হয়।

উ+অ=ব্+অ। যথা—অনু+অয়ঃ=অন্বয়ঃ। উ+আ=ব্+আ। সু+আগতম্=স্বাগতম্। উ+ই=ব্+ই। মধু+ইদম্=মধ্বিদম্। উ+ঈ=ব্+ঈ। সাধু+ঈহিতম্=সাধ্বীহিতম্। উ+ঋ=ব্+ঋ। মধু+ঋতে=মধ্বৃতে। উ+এ=ব্+এ। অনু+এষণম্=অন্বেষণম্। উ+ঐ=ব্+ঐ। অনু+ঐক্ষিষ্ট=অন্বৈক্ষিষ্ট। উ+ও=ব্+ও। পচতু+ওদনম্=পচত্বোদনম্। উ+ঔ=ব্+ঔ। দদাতু+ঔষধম্=দদাত্বৌষধম্।

৩৭। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, (দীর্ঘ) ঊ স্থানে ব্ হয়। ব্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর ব্‌কারে যুক্ত হয়। যথা—সরযূ+অম্বু=( সরয্ব্ অম্বু ) সরয্বম্বু। বধূ+আদিঃ=( বধ্ব্ আদি ) বধ্বাদিঃ। তনূ+ইন্দ্রিয়ম্=( তন্ব্ ইন্দ্রিয়ম্ ) তন্বিন্দ্রিয়ম্। তনূ+ঈশ্বরঃ=(তন্ব্ ঈশ্বরঃ) তন্বীশ্বরঃ। সরযূ+এধিতম্=( সরয্ব্ এধিতম্ ) সরয্বেধিতম্। বধূ+ঐশ্বর্য্যম্=( বধ্ব্ ঐশ্বর্য্যম্ ) বধ্বৈশ্বর্য্যম্। সরযূ+ওঘঃ=( সরয্ব্ ওঘঃ) সরয্বোঘঃ। বধূ+ঔদার্য্যম্ = ( বধ্ব্ ঔদার্য্যম্ ) বধ্বৌদার্য্যম্।

৩৮। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, ঋস্থানে র্ ( র ফলা ) হয়। র্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর র্‌কারে যুক্ত হয়। যথা—পিতৃ+অনুমতিঃ=(পিত্ র্ অনুমতিঃ) পিত্রনুমতিঃ। পিতৃ+আদেশঃ=(পিত্ র্ আদেশঃ) পিত্রাদেশঃ। পিতৃ+ইচ্ছা=(পিত্ র্ ইচ্ছা) পিত্রিচ্ছা। পিতৃ+ঈহিতম্=(পিত্ র্ ঈহিতম্) পিত্রীহিতম্। পিতৃ+উপদেশঃ=( পিত্ র্ উপদেশঃ ) পিত্রুপ-

দেশঃ। পিতৃ+উহঃ=(পিত্ র্ উহঃ) পিত্রূহঃ। পিতৃ+এষণা=(পিত্ র্ এষণা) পিত্রেষণা। পিতৃ+ঐশ্বর্য্যম্=(পিত্ র্ ঐশ্বর্য্যম্) পিত্রৈশ্বর্য্যম্। পিতৃ+ওকঃ=(পিত্ র্ ওকঃ) পিত্রোকঃ। পিতৃ+ঔদার্য্যম্=(পিত্ র্ ঔদার্য্যম্) পিত্রৌদার্য্যম্।

৩৯। স্বরবর্ণ পরে থাকিলে, একার স্থানে অয়্ হয়। অকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর য়্কারে যুক্ত হয়। যথা—শে+অনম্=(শ্ অয়্ অনম্) শয়নম্; জে+অতি=জয়তি; সঞ্চে+অঃ=সঞ্চয়ঃ। শে+আতে=(শ্ অয়্ আতে) শয়াতে; শে+ইতম্=(শ্ অয়্ ইতম্) শয়িতম্; শে+ঈত=(শ্ অয় ঈত) শয়ীত; শে+এ=(শ্ অয়্ এ) শয়ে।

৪০। স্বরবর্ণ পরে থাকিলে, ঐকার স্থানে আয়্ হয়। আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর য়্কারে যুক্ত হয়। যথা—বিনৈ+অকঃ=(বিন্ আয়্ অকঃ) বিনায়কঃ; রৈ+আ=(র্ আয়্ আ) রায়া। রৈ+ই=(র্ আয়্ ই) রায়ি। রৈ+এ=(র্ আয়্ এ) রায়ে। রৈ+ওঃ=(র্ আয়্ ওঃ) রায়োঃ।

৪১। স্বরবর্ণ পরে থাকিলে, ওকার স্থানে অব্ হয়। অকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর ব্কারে যুক্ত হয়। যথা—ভো+অনম্=(ভ্ অব্ অনম্) ভবনম্; পো+অনঃ=(প্ অব্ অনঃ) পবনঃ; গো+আ=(গ্ অব্ আ) গবা। পো+ইত্রম্=(প্ অব্ ইত্রম্) পবিত্রম্। গো+এ=(গ্ অব্ এ) গবে। গো+ওঃ=(গ্ অব্ ওঃ) গবোঃ।

৪২। স্বরবর্ণ পরে থাকিলে, ঔকার স্থানে আব্ হয়। আকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর ব্‌কারে যুক্ত হয়। যথা—পৌ+অকঃ=(প্ আব্ অকঃ) পাবকঃ। নৌ+আ=(ন্ আব্ আ) নাবা। ভৌ+ইনী=(ভ্ আব্ ইনী) ভাবিনী। ভৌ+উকঃ=(ভ্ আব্ উকঃ) ভাবুকঃ। নৌ+এ=(ন্ আব্ এ) নাবে। নৌ+ওঃ=(ন্ আব্ ওঃ) নাবোঃ। নৌ+ঔ=(ন্ আব্ ঔ) নাবৌ।

৪৩। পদের অন্তস্থিত একার কিংবা ওকারের পর যে অকার থাকে, তাহার লোপ হয়। লোপ হইলে অকারের (ঽ এইরূপ) যে চিহ্ন থাকে, তাহাকে লুপ্ত অকার বলে। যথা—কবে+অবেহি=কবেঽবেহি। সখে+অর্পয়=সখেঽর্পয়। প্রভো+অয়ম্=প্রভোঽয়ম্। গুরো+অনুমন্যস্ব=গুরোঽনুমন্যস্ব।

## অনুশীলনী

১। সূত্র উল্লেখ করিয়া সন্ধি কর :—

শশ+অঙ্কঃ, বিধু+উদয়ঃ, লক্ষ্মী+ঈশঃ, বধূ+উৎসবঃ, ক্ষিতি+ঈশঃ, প্রতি+ঈক্ষা, মহা+আশয়ঃ, পিতৃ+ঋণম্, মহা+ঋষিঃ, গঙ্গা+ঊর্ম্মিঃ, সূর্য্য+উদয়ঃ, রমা+ঈশঃ, পিতৃ+আদেশঃ, পিতৃ+উপদেশঃ, মহা+ওষধিঃ, শে+অনম্, পো+অনঃ, শ্রো+অণম্, পো+ইত্রম্, ভৌ+ইনী, পৌ+অকঃ।

২। সন্ধি বিচ্ছেদ কর :—প্রভোঽনুগৃহাণ, নাবে, নাবা, গবা, শয্যৈ, শয়নম্, পিত্রাদেঃ, সরযোঘঃ, বধ্বৈশ্বর্য্যম, অত্যাচারঃ, মুন্যষভঃ, মহৌদার্য্যম্, সদোৎসুক্যম্, চিত্তৌদার্য্যম্, গতোৎসুক্যঃ, তথৈতৎ, গিরীন্দ্রঃ।

## ব্যঞ্জনসন্ধি

৪৪। যদি চ কিংবা ছ পরে থাকে, ত্ ও দ্ স্থানে চ্ হয়। যথা—ৎ+চ=চ্চ। মহৎ+চক্রম্=মহচ্চক্রম্; ভবৎ+চরণঃ=ভবচ্চরণঃ। দ্+চ=চ্চ। উদ্+চারণম্=উচ্চারণম্; বিপদ্+চয়ঃ=বিপচ্চয়ঃ। ৎ+ছ=চ্ছ। মহৎ+ছত্রম্=মহচ্ছত্রম্; ভবৎ+ছলনম্=ভবচ্ছলনম্। দ্+ছ=চ্ছ। তদ্+ছবিঃ=তচ্ছবিঃ; এতদ্+ছায়া=এতচ্ছায়া।

৪৫। যদি জ কিংবা ঝ পরে থাকে, ত্ ও দ্ স্থানে জ্ হয়। যথা—ৎ+জ=জ্জ। সরিৎ+জলম্=সরিজ্জলম্; ভবৎ+জীবনম্=ভবজ্জীবনম্। দ্+জ=জ্জ। উদ্+জ্বলঃ=উজ্জ্বলঃ; তদ্+জন্ম=তজ্জন্ম। দ্+ঝ=জ্ঝ। তদ্+ঝনৎকারঃ=তজ্ঝনৎকারঃ।

৪৬। যদি জ কিংবা ঝ পরে থাকে, ন্ স্থানে ঞ্ হয়। যথা—ন্+জ=ঞ্জ=ঞ্জ। মহান্+জয়ঃ=মহাঞ্জয়ঃ; ভবান্+জীবতু=ভবাঞ্জীবতু। ন্+ঝ=ঞ্ঝ=ঞ্ঝ। উদ্যন্+ঝঙ্কারঃ=উদ্যঞ্ঝঙ্কারঃ; গচ্ছন্+ঝটিতি=গচ্ছঞ্ঝটিতি।

৪৭। যদি পদের অন্তস্থিত ত্কার কিংবা দ্কারের পর শ থাকে, ত্ ও দ্ স্থানে চ্ এবং শ স্থানে বিকল্পে ছ হয়। যথা—ৎ+শ=চ্ছ বা চ্শ। জগৎ+শরণ্যঃ=জগচ্ছরণ্যঃ বা জগচ্শরণ্যঃ; মহৎ+শকটম্=মহচ্ছকটম্ বা মহচ্শকটম্। দ্+শ=চ্ছ বা চশ। তদ্+শরীরম্=তচ্ছরীরম্ বা তচ্শরীরম্।

৪৮। যদি পদের অন্তস্থিত ন্কারের পর শ থাকে, ন্ স্থানে ঞ্ এবং শ স্থানে বিকল্পে ছ হয়। যথা—ন্+শ=ঞ্ছ বা ঞ্শ। মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ, বা মহাঞ্শব্দঃ; ধাবন্+শশঃ=ধাবঞ্ছশঃ বা ধাবঞ্শশঃ।

৪৯। যদি পদের অন্তস্থিত ত্কার কিংবা দ্কারের পর হ থাকে, ত্ ও দ্ স্থানে দ্ এবং হ স্থানে ধ হয়। যথা—ৎ+হ=দ্ধ। উৎ+হতঃ=( উদ্+ধতঃ ) উদ্ধতঃ, উৎ+হরণম্=উদ্ধরণম্। দ্+হ=দ্ধ। তদ্+হিতম্=( তদ্+ধিতম ) তদ্ধিতম্; তদ্+হেয়ম্=তদ্ধেয়ম্।

৫০। যদি চ্ কিংবা জ্কারের পর ( দন্ত্য ) ন্ থাকে, তবে ঐ ন্ স্থানে ঞ্ হয়। যথা—চ্+ন্=চ্=ঞ্। যাচ্+না=যাচ্ঞা; যজ্+নঃ=( জ্+ন্=জ্ঞ্=জ্ঞ ) যজ্ঞঃ; রাজ্+না=রাজ্ঞা; রাজ্+নী=রাজ্ঞী।

৫১। যদি ট কিংবা ঠ পরে থাকে, পূর্ব্ববর্ত্তী ত্ ও দ্ স্থানে ট্ হয়। যথা—উৎ+টলতি=( ৎ+ট=ট্ট ) উট্টলতি। তদ্+টীকা=( দ্+ট্=ট্ট্ ) তট্টীকা। সৎ+ঠকারঃ=( ৎ+ঠ=ট্ঠ ) সট্ঠকারঃ। এতদ্+ঠক্কুরঃ=(দ্+ঠ=ট্ঠ) এতট্ঠক্কুরঃ।

৫২। যদি ড কিংবা ঢ পরে থাকে, পূর্ব্ববর্ত্তী ত্ ও দ্ স্থানে ড্ হয়। যধা—উৎ+ডীনঃ=( ত্+ড্=ড্ড্ ) উড্ডীনঃ; এতদ্+ডামরঃ=( দ্+ড্=ড্ড্ ) এতড্ডামরঃ; মহৎ+ঢালম্=মহড্ঢালম্। এতদ্+ঢক্কা=( দ্+ঢ=ড্ঢ ) এতড্ঢক্কা।

৫৩। যদি ড কিংবা ঢ পরে থাকে, পদের অন্তস্থিত (দন্ত্য) ন্ (মূর্দ্ধন্য) ণ হয়। যথা—মহান্+ডামরঃ= মহাণ্ডামরঃ; রাজন্+ঢৌকসে=রাজণ্ঢৌকসে।

৫৪। (মূর্দ্ধন্য) ষ্‌কারের পরস্থিত ত স্থানে ট এবং থ স্থানে ঠ হয়। যথা—আকৃষ্+তঃ=(ষ্+ত=ষ্ ট=ষ্ট) আকৃষ্টঃ; স্রষ্+তা=স্রষ্টা; দ্রষ্+তা=দ্রষ্টা; উৎকৃষ্+তঃ= উৎকৃষ্টঃ; ষষ্+থঃ=ষষ্ঠঃ।

৫৫। যদি ল পরে থাকে, ত্, দ্ ও ন্ স্থানে ল্ হয়। নকারের পূর্ব্ববর্ণ চন্দ্রবিন্দুসংযুক্ত হয়। যথা—বৃহৎ+ললাটম্ =(ৎ+ল=ল্ল) বৃহল্ললাটম্; উৎ+লেখঃ=উল্লেখঃ। তদ্+লীলায়িতম্=(দ্+ল্=ল্ল) তল্লীলায়িতম্; মহান্+ লাভঃ=(ন্+ল=ল্ল) মহাঁল্লাভঃ; ভবান্+লভতে= ভবাঁল্লভতে।

৫৬। যদি স্বরবর্ণ পরে থাকে, পদের অন্তস্থিত নকারের দ্বিত্ব হয় এবং পরের স্বর ন্ন্-এ যুক্ত হয়। যথা—ধাবন্+অশ্বঃ =(ন্+অ=ন্ন) ধাবন্নশ্বঃ; হসন্+আগতঃ=(ন্+আ=ন্না) হসন্নাগতঃ; চিন্তয়ন্+ইহ=চিন্তয়ন্নিহ; সৃজন্+ঈশ্বরঃ= সৃজন্নীশ্বরঃ; স্মরন্+উবাচ=স্মরন্নুবাচ।

৫৭। যদি ন্ দীর্ঘস্বরের পরে থাকে, তবে উহার দ্বিত্ব হয় না, শুধু পরের স্বর নকারে যুক্ত হয়। যথা—মহান্+আগ্রহঃ =মহানাগ্রহঃ; কবীন্+আহ্বয়=কবীনাহ্বয়; সাধূন্+ আদ্রিয়স্ব=সাধূনাদ্রিয়স্ব; ভ্রাতৄন্+অনুগৃহ্নীষ্ব=ভ্রাতৄননুগৃহ্নীষ্ব।

৫৮। যদি চ কিংবা ছ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর চ স্থানে শ্চ ও ছ স্থানে শ্ছ হয়। যথা—পশ্যন্ + চকিতঃ = (ন্ + চ = ংশ্চ) পশ্যংশ্চকিতঃ ; হসন্ + চলিতঃ = হসংশ্চলিতঃ। ধাবন্ + ছাগঃ = ( ন্ + ছা = ংশ্ছা ) ধাবংশ্ছাগঃ ; মহান্ + ছেদঃ = মহাংশ্ছেদঃ।

৫৯। যদি ট কিংবা ঠ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর ট স্থানে ষ্ট ও ঠ স্থানে ষ্ঠ হয়। যথা—চলন্ + টিট্টিভঃ = ( ন্ + ট = ংষ্ট ) চলংষ্টিট্টিভঃ ; উড্ডীন্ + টঙ্কারঃ = উড্ডীংষ্টঙ্কারঃ। মহান্ + ঠক্কুরঃ = (ন্ + ঠ = ংষ্ঠ) মহাংষ্ঠক্কুরঃ।

৬০। যদি ত কিংবা থ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে অনুস্বার হয়, আর ত স্থানে স্ত ও থ স্থানে স্থ হয়। যথা—পতন্ + তরুঃ = ( ন্ + ত = ংস্ত ) পতংস্তরুঃ ; মহান্ + তড়াগঃ = মহাংস্তড়াগঃ। ক্ষিপন্ + থুৎকারম্ = ক্ষিপংস্থুৎকারম্।

৬১। যদি অন্তঃস্থ কিংবা উষ্মবর্ণ পরে থাকে, পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা—সত্বরম্ + যাতি = সত্বরং যাতি ; করুণম্ + রোদিতি = করুণং রোদিতি ; বিদ্যাম্ + লভতে = বিদ্যাং লভতে ; ভারম্ + বহতি = ভারং বহতি ; শয্যায়াম্ + শেতে = শয্যায়াং শেতে ; কষ্টম্ + সহতে = কষ্টং সহতে ; মধুরম্ + হসতি = মধুরং হসতি।

৬২। যদি স্পর্শ বর্ণ পরে থাকে, পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়, অথবা যে বর্গের বর্ণ পরে থাকে, সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা—কিম্ + করোষি = ( ম্ + ক = ংক ) কিং করোষি, ( ম্ স্থানে ক বর্গের পঞ্চম বর্ণ ঙ্ ) কিঙ্করোষি ;

গৃহম্ + গচ্ছ = গৃহং গচ্ছ, গৃহঙ্গচ্ছ ; ( ম্ + চ = ঃচ ) ক্ষিপ্রম্ + চলতি = ক্ষিপ্রং চলতি, ( ম স্থানে চ-বর্গের পঞ্চম বর্ণ ঞ ) ক্ষিপ্রঞ্চলতি। এইরূপ—নদীম্ + তরতি = নদীং তরতি, নদীন্তরতি ; ধনম্ + দদাতি = ধনং দদাতি, ধনন্দদাতি ; গুরুম্ + নমতি = গুরুং নমতি, গুরুন্নমতি ; চন্দ্রম্ + পশ্যতি = চন্দ্রং পশ্যতি, চন্দ্রম্পশ্যতি ; সত্যম্ + ব্রূয়াৎ = সত্যং ব্রূয়াৎ, সত্যম্ব্রূয়াৎ ; মধুরম্ + ভাষতে = মধুরং ভাষতে, মধুরম্ভাষতে ; শাস্ত্রম্ + মীমাংসতে = শাস্ত্রং মীমাংসতে, শাস্ত্রম্মীমাংসতে।

৬৩। যদি ছ পরে থাকে, স্বরবর্ণের পর চ্ হয়। চ ও ছ মিলিয়া চ্ছ হয়। যথা—সিত + ছত্রম্ = সিতচ্ছত্রম্ ; বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া ; পরি + ছদঃ = পরিচ্ছদঃ।

যে পদের অন্তে দীর্ঘস্বর আছে, এমন পদের পরবর্ত্তী ছকারের বিকল্পে দ্বিত্ব হয়। যথা—উমা + ছত্রম্ = উমাচ্ছত্রম্ বা উমাছত্রম্ ; গৌরী + ছায়া = গৌরীচ্ছায়া বা গৌরীছায়া।

কিন্তু আ (আঙ্) ও মা শব্দের পর ছকারের নিত্য দ্বিত্ব হয়। যথা—আ + ছাদয়তি = আচ্ছাদয়তি ; মা + ছিদৎ = মাচ্ছিদৎ।

৬৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ অথবা য র ল ব হ পরে থাকে, পদের অন্তস্থিত ক্ স্থানে গ হয়। যথা—দিক্ + অন্তঃ = ( দিগ্ অন্তঃ ) দিগন্তঃ ; এইরূপ বাক্ + আড়ম্বরঃ = বাগাড়ম্বরঃ ; ত্বক্ + ইন্দ্রিয়ম্ = ত্বগিন্দ্রিয়ম্ ; বাক্ + ঈশঃ = বাগীশঃ ; সম্যক্ + উক্তম্ = সম্যগুক্তম্ ; প্রাক্ + এব = প্রাগেব ; ধিক্ + ঐশ্বর্য্যমত্তম্ = ধিগৈশ্বর্য্যমত্তম্ ; সম্যক্ + ওজঃ

=সম্যগোজঃ; । বাক্+ঔচিত্যম্=বাগৌচিত্যম্। (ক-বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ=গ্+ঐ সকল বর্ণ)—দিক্+গজঃ= দিগ্গজঃ; প্রাক্+ঘনোদয়ঃ=প্রাগ্ঘনোদয়ঃ; বাক্+জালম্= বাগ্জালম্; সম্যক্+ঝঙ্কারঃ=সম্যগ্ঝঙ্কারঃ; সম্যক্+ ডীয়তে=সম্যগ্ডীয়তে, সম্যক্+ঢৌকতে=সম্যগ্ঢৌকতে; বাক্+দানম্ = বাগ্দানম্; ধিক্+ধনগর্ব্বিতম্ = ধিগ্ধন-গর্ব্বিতম্; বাক্+বাহুল্যম্=বাগ্বাহুল্যম্; দিক্+ভাগঃ= দিগ্-ভাগঃ। (ক্+য র ল ব হ=গ্+ঐ সকল বর্ণ) ধিক্+যাচকম্ =ধিগ্যাচকম্; বাক্+রোধঃ=বাগ্রোধঃ; ধিক্+লোভিনম্= ধিগ্লোভিনম্; সম্যক্+বদতি=সম্যগ্বদতি।

৬৫। যদি সরবর্ণ অথবা গ ঘ দ ধ ব ভ য র ব পরে থাকে, পদের অন্তস্থিত ত্ স্থানে দ্ হয়। যথা—জগৎ+অন্তঃ =জগদন্তঃ; জগৎ+আদিঃ=জগদাদিঃ; জগৎ+ইন্দ্রঃ= জগদিন্দ্রঃ; জগৎ+ঈশঃ=জগদীশঃ; ভবৎ+উক্তম্=ভবদুক্তম্; ভবৎ+উহনম্=ভবদূহনম্; তৎ+ঋণম্=তদৃণম্; জগৎ+ এতৎ=জগদেতৎ; মহৎ+ঐশ্বর্য্যম্=মহদৈশ্বর্য্যম্; মহৎ+ ওজঃ=মহদোজঃ; মহৎ+ঔষধম্=মহদৌষধম্; বৃহৎ+গহনম্ =বৃহদ্গহনম্; বৃহৎ+ঘটঃ=বৃহদ্ঘটঃ; ভবৎ+দর্শনম্= ভবদ্দর্শনম্; মহৎ+ধনুঃ=মহদ্ধনুঃ; জগৎ+বন্ধুঃ=জগদ্বন্ধুঃ; মহৎ+ভয়ম্=মহদ্ভয়ম্; বৃহৎ+যানম্=বৃহদ্যানম্; বৃহৎ+রথঃ =বৃহদ্রথঃ; জগৎ+রথঃ=জগদ্রথঃ; মহৎ+বনম্=মহদ্বনম্।

৬৬। যদি ন কিংবা ম পরে থাকে, পদের অন্তস্থিত ক্

স্থানে ঙ্ এবং ত্ ও দ্ স্থানে ন্ হয়। যথা—(ক্ + ন = ঙ্ ন) দিক্ + নাগঃ = দিঙ্নাগঃ ; প্রাক্ + মুখঃ = প্রাঙ্মুখঃ। (ৎ + ন = ন্ ন) জগৎ + নাথঃ = জগন্নাথঃ। (দ্ + ন = ন্ ন) তদ্ + নীরম্ = তন্নীরম্। (ত্ + ম = ন্ ম) ভবৎ + মতম্ = ভবন্মতম্। (দ্ + ম = ন্ ম) এতদ্ + মানসম্ = এতন্মানসম্।

## বিসর্গসন্ধি

৬৭। যদি চ কিংবা ছ পরে থাকে, বিসর্গ স্থানে শ্ হয়। যথা—( ঃ + চ = শ্ চ = শ্চ) পূর্ণঃ + চন্দ্রঃ = পূর্ণশ্চন্দ্রঃ ; নিঃ + চয়ঃ = নিশ্চয়ঃ ; বায়ুঃ + চলতি = বায়ুশ্চলতি। ( ঃ + ছ = শ্ ছ = শ্ছ ) —ধাবিতঃ + ছাগঃ = ধাবিতশ্ছাগ ; তরোঃ + ছায়া = তরোশ্ছায়া ; রজ্জুঃ + ছিদ্যতে = রজ্জুশ্ছিদ্যতে।

৬৮। যদি ট কিংবা ঠ পরে থাকে, বিসর্গ স্থানে ষ্ হয়। যথা—( ঃ + ট = ষ্ ট = ষ্ট ) ভীতঃ + টলতি = ভীতষ্টলতি ; ধনুঃ + টঙ্কারঃ = ধনুষ্টঙ্কারঃ। ( ঃ + ঠ = ষ্ ঠ = ষ্ঠ ) স্থিরঃ + ঠক্কুরঃ = স্থিরষ্ঠক্কুরঃ ; ভগ্নঃ + ঠকুরঃ = ভগ্নষ্ঠকুরঃ।

৬৯। যদি ত কিংবা থ পরে থাকে, বিসর্গ স্থানে স্ হয়। যথা—( ঃ + ত = স্ ত = স্ত )—উন্নতঃ + তরুঃ = উন্নতস্তরুঃ। ( ঃ + থ = স্ থ = স্থ ) ক্ষিপ্তঃ + থুৎকারঃ = ক্ষিপ্তস্থুৎকারঃ।

৭০। যদি অকারের পর বিসর্গ থাকে এবং অকার পরে থাকে, পূর্ব্ববর্ত্তী অকার ও বিসর্গ উভয় স্থানে ওকার হয় ; ওকার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরবর্ত্তী আকারের লোপ হয়।

যথা—নরঃ+অয়ম্=( অঃ+অ=ও ঽ ) নরোঽয়ম্ ; নবঃ+অঙ্কুরঃ=নবোঽঙ্কুরঃ ; জ্বলিতঃ+অঙ্গারঃ=জ্বলিতোঽঙ্গারঃ।

৭১। যদি বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, অকার ও অকারের পরবর্ত্তী বিসর্গ, উভয় স্থানে ও-কার হয়, ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়। যথা—শোভনঃ+গন্ধঃ=( শোভন্+অঃ+গন্ধঃ=শোভন্+ও+গন্ধঃ ) শোভনো গন্ধঃ। এইরূপ, নূতনঃ+ঘটঃ=নূতনো ঘটঃ ; সদ্যঃ+জাতঃ=সদ্যো জাতঃ ; মধুরঃ+ঝঙ্কারঃ=মধুরো ঝঙ্কারঃ ; নবঃ+ডমরুঃ=নবো ডমরুঃ, গজঃ+ঢৌকতে=গজো ঢৌকতে ; মূর্দ্ধন্যঃ+ণকারঃ=মূর্দ্ধন্যো ণকারঃ ; উন্নতঃ+নগঃ=উন্নতো নগঃ ; দৃঢ়ঃ+বন্ধঃ=দৃঢ়ো বন্ধঃ ; অকুতঃ+ভয়ঃ=অকুতো ভয়ঃ ; অতীতঃ+মাসঃ=অতীতো মাসঃ ; কৃতঃ+যত্ন=কৃতো যত্নঃ ; শান্তঃ+রোষঃ=শান্তো রোষঃ ; কৃতঃ+লোভঃ=কৃতো লোভঃ, শান্তঃ+বায়ুঃ=শান্তো বায়ুঃ ; বামঃ+হস্তঃ=বামো হস্তঃ।

৭২। যদি অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, অকারের পরবর্ত্তী বিসর্গের লোপ হয় অর্থাৎ কেবল বিসর্গটি উঠিয়া যায়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—কুতঃ+আগতঃ=কুত আগতঃ ; নরঃ+ইব=নর ইব ; কঃ+ঈহতে=ক ঈহতে ; চন্দ্রঃ+উদেতি=চন্দ্র উদেতি ; ইতঃ+ঊর্দ্ধম্=ইত ঊর্দ্ধম্ ; দেবঃ+ঋষিঃ=দেব ঋষিঃ ; উচ্চারিতঃ+ঌকারঃ=উচ্চারিত ঌকারঃ ; কঃ+এষঃ=ক এষঃ ; কুতঃ+ঐক্যম্=কুত ঐক্যম্ ; রক্তঃ+ওষ্ঠঃ=রক্ত ওষ্ঠঃ ; রাজ্ঞঃ+ঔদার্য্যম্=রাজ্ঞ ঔদার্য্যম্।

৭৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, আকারের পরবর্ত্তী বিসর্গের লোপ হয় অর্থাৎ কেবল বিসর্গটি উঠিয়া যায়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—অশ্বাঃ+অমী=অশ্বা অমী; গজাঃ+ইমে=গজা ইমে; তারাঃ+উদিতাঃ=তারা উদিতাঃ; গতাঃ+ঋষয়ঃ=গতা ঋষয়ঃ; নরাঃ+এতে=নরা এতে; হতাঃ+গজাঃ=হতা গজাঃ; কৃতাঃ+ঘটাঃ=কৃতা ঘটাঃ; পুত্রাঃ+জাতাঃ=পুত্রা জাতাঃ; মধুরাঃ+ঝঙ্কারাঃ=মধুরা ঝঙ্কারাঃ; নবাঃ+ডমরবঃ=নবা ডমরবঃ; গজাঃ+ঢৌকন্তে=গজা ঢৌকন্তে; নির্ব্বাণাঃ+দীপাঃ=নির্ব্বাণা দীপাঃ; অশ্বাঃ+ধাবন্তি=অশ্বা ধাবন্তি; উন্নতাঃ+নগাঃ=উন্নতা নগাঃ; দৃঢ়াঃ+বন্ধাঃ=দৃঢ়া বন্ধাঃ; নরাঃ+ভীতাঃ=নরা ভীতাঃ; অতীতাঃ+মাসাঃ=অতীতা মাসাঃ; ছাত্রাঃ+যতন্তে=ছাত্রা যতন্তে; এতাঃ+রথ্যাঃ=এতা রথ্যাঃ; নরাঃ+লভন্তে=নরা লভন্তে; বাতাঃ+বান্তি=বাতা বান্তি; বালকাঃ+হসন্তি=বালকা হসন্তি।

৭৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, অ আ ভিন্ন স্বরবর্ণের পরবর্ত্তী বিসর্গ স্থানে র্-কার হয়। যথা—কবিঃ+অয়ম্=কবির্+অয়ম্=কবিরয়ম্। গতিঃ+ইয়ম্=গতিরিয়ম্; রবিঃ+উদেতি=রবিরুদেতি; সুধীঃ+এষঃ=সুধীরেষঃ; বন্ধুঃ+আগতঃ=বন্ধুরাগতঃ; গুরুঃ+উবাচ=গুরুরুবাচ; বধূঃ+এষা=বধূরেষা; মাতুঃ+অর্চ্চনা=মাতুরর্চ্চনা; রবেঃ+উদয়ঃ=রবেরুদয়ঃ; তৈঃ+উক্তম্=তৈরুক্তম্; প্রভোঃ+আদেশঃ=প্রভোরাদেশঃ; গৌঃ+

অয়ম্ = গৌরয়ম্ ; ঋষিঃ + গচ্ছতি = ঋষির্গচ্ছতি ; হবিঃ + ঘ্রাণম্ = হবির্ঘ্রাণম্ ; গুরুঃ + জয়তি = গুরুর্জয়তি ; কৃতৈঃ + ঝঙ্কারৈঃ = কৃতৈর্ঝঙ্কারৈঃ ; নবৈঃ + ডমরুভিঃ = নবৈর্ডমরুভিঃ ; গৌঃ + ঢৌকতে = গৌঢৌকতে ; রবেঃ + দর্শনম্ = রবের্দর্শনম্ ; নিঃ + ধন = নির্ধনঃ ; দুঃ + নীতি = দুর্নীতিঃ ; নিঃ + বন্ধঃ = নির্ব্বন্ধঃ ; নিঃ + ভয় = নির্ভয়ঃ ; মুহুঃ + মুহুঃ = মুহুর্মুহুঃ ; বহিঃ + যোগঃ বহির্যোগঃ ; বিধুঃ + লীয়তে = বিধুর্লীয়তে ; বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি ; শিশুঃ + হসতি = শিশুর্হসতি ।

৭৫। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, অকারের পরস্থিত র্‌জাত বিসর্গ স্থানে র্‌কার হয়। যথা—পুনঃ + অপি (পুনর্ অপি) = পুনরপি ; এইরূপ, পুনঃ + আগতঃ = পুনরাগত ; প্রাতঃ + এব = প্রাতরেব ; অন্তঃ + ধানম্ = অন্তর্ধানম্ ; স্বঃ + গতঃ = স্বর্গতঃ ; ভ্রাতঃ + আগচ্ছ = ভ্রাতরাগচ্ছ ; মাতঃ + দেহি = মাতর্দেহি ; জামাতঃ + বদ = জামাতর্বদ ; দুহিতঃ + যাহি = দুহিতর্যাহি ; (যকারে রেফ যুক্ত হইলে র্য্য ও র্য দুই-ই হয়)।

৭৬। রকার পরে থাকিলে, বিসর্গ স্থানে যে রকার হয়, তাহার লোপ এবং পূর্ব্বস্বর দীর্ঘ হয়। যথা—পিতঃ + রক্ষ (পিতর্ + রক্ষ) = পিতা রক্ষ ; এখানে পূর্ব্ববর্ত্তী রকারের লোপ এবং ত-এর অকার দীর্ঘ হইয়া আকার হওয়ায় পিতা রক্ষ হইল। পরবর্ত্তী উদাহরণেও ঐরূপ হইবে। নিঃ + রসঃ = নীরসঃ ; নিঃ + রোগঃ = নীরোগঃ ; বিধুঃ + রাজতে = বিধূ রাজতে।

৭৭। যদি অকার ভিন্ন স্বরবর্ণ অথবা ব্যঞ্জনবর্ণ পরে থাকে, 'সঃ' ও এষঃ' এই দুই পদের বিসর্গের লোপ হয় অর্থাৎ বিসর্গটি উঠিয়া যায় ; লোপের পর আর সন্ধি হয় না। যথা—সঃ+আগতঃ=স আগতঃ ; সঃ+ইচ্ছতি=স ইচ্ছতি ; সঃ+ঈহতে =স ঈহতে ; সঃ+উবাচ=স উবাচ ; সঃ+করোতি=স করোতি ; সঃ+গচ্ছতি=স গচ্ছতি ; সঃ+হসতি=স হসতি ; এষঃ+আয়াতি=এষ আয়াতি ; এষঃ+এতি=এষ এতি ; এষঃ+ধাবতি=এষ ধাবতি : এষঃ+রোদিতি=এষ রোদিতি ; এষঃ+বদতি=এষ বদতি ; এষঃ+শেতে=এষ শেতে ; এষঃ+সহতে=এষ সহতে।

৭৮। যদি স্বরবর্ণ বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—( ভোঃ+স্বরবর্ণ )— ভোঃ+অম্বরীষ=ভো অম্বরীষ ; ভোঃ+ঈশান=ভো ঈশান ; ভোঃ+উমাপতে=ভো উমাপতে। (ভোঃ+বর্গের তৃতীয়, চতুর্থ ইত্যাদি বর্ণ ) ভোঃ+গদাধর=ভো গদাধর ; ভোঃ+জনমেজয় =ভো জনমেজয় ; ভোঃ+দামোদর=ভো দামোদর ; ভোঃ+মাধব=ভো মাধব , ভোঃ+যদুপতে=ভো যদুপতে।

## অনুশীলনী

১। সূত্র উল্লেখপূর্ব্বক সন্ধি কর :—

ভোঃ+যদুপতে, ভোঃ+গদাধর, এষঃ+বদতি, সঃ+যাতি, কুতঃ+ঐক্যম্, শীতঃ+বায়ুঃ, বামঃ+হস্তঃ, দৃঢ়+বন্ধঃ, অশ্বঃ+ধাবতি, বাক্+

বাহুল্যম্, দিক্ + ভাগঃ, বাক্ + দানম্, সম্যক্ + ভাষতে, বাক্ + ঈশঃ, প্রাক্ + এব, বিশ্রাম্ + লভতে, কষ্টম্ + সহতে।

২। সন্ধি বিচ্ছেদ কর :—

ভবচ্চরণম্, উচ্ছিনত্তি, সরিজ্জলম্, তজ্ঝনৎকারঃ, মহাঞ্জয়ঃ, উড্ডঙ্কারঃ, মহদ্ধসনম্, বিপদ্ধেতুঃ, রাজ্ঞা, তট্টীকা, এতড্ঢক্কা, মহাণ্ডামরঃ, রাজণ্ঢৌকসে, উৎকৃষ্টঃ, উল্লেখঃ, বৃহল্ললাটম্, বৃক্ষচ্ছায়া, চন্দ্রং পশ্যতি, চন্দ্রম্পশ্যতি, বাগীশঃ, প্রাগেব, দিগ্‌গজঃ, তরোশ্ছায়া, ক্ষিপ্রস্টুৎকারঃ, বেদোঽধীতঃ, নূতনো ঘটঃ, গজঃ ঢৌকতে, রবেরুদয়ঃ, শিশুর্হসতি, পুনরপি, মাতর্দেহি, বিধূ রাজতে, নীরোগঃ, স উবাচ, এষ ধাবতি।

---

# ণত্ববিধান

৭৯। ঋ, ৠ, র্, মূর্দ্ধন্য ষ—এই চারি বর্ণের পরবর্ত্তী দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা—( ঋ এর পরে ন ) নৃ + নাম্ = নৃণাম্ ; তিসৃ + নাম্ = তিসৃণাম্ ; চতসৃ + নাম্ = চতসৃণাম্ ; ( ৠ এর পর ন ) নৄ + নাম্ = নৄণাম্ ; ভ্রাতৄ + নাম্ = ভ্রাতৄণাম ; দাতৄ + নাম্ = দাতৄণাম্ ; ( র-কারের পর ন ) চতুর্ + নাম্ = চতুর্ণাম্। ( ষ এর পর ন ) দোষ্ + না = দোষ্ণা ; পূষ্ + নে = পূষ্ণে।

৮০। স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, য, র, ব, হ ও ং ( অনুস্বার ) এই সকল বর্ণের ব্যবধান থাকিলেও, দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা—কর + নম্ = করণম্। করা + নাম্ = করাণাম্। এইরূপ করিণা, গুরুণা, পরেণ, অর্কেণ, মূর্খেণ, মৃগেণ, দীর্ঘেণ, দর্পেণ, রেফেণ, দর্ভেণ, ক্রমেণ, রয়েণ, গর্ব্বেণ, গ্রহেণ, বৃংহণম্।

৮১। এতদ্ব্যতিরিক্ত বর্ণের ব্যবধান থাকিলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা—অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন, ষষ্ঠেন, বর্ণানাম্, আর্ত্তেন, অর্থেন, অর্দ্ধেন, স্পর্শেন, বলেন।

৮২। পদের অন্তস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা—নবান্, গুরূন্, ভ্রাতৄন্।

### অনুশীলনী

১। নিম্নলিখিত পদগুলির দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হইবার কারণ কি?
বৃংহণং, দীর্ঘেণ, গ্রহেণ, দর্পেণ, নৃণাম্, ভ্রাতৄণাম্, দাতৄণাম্, চতুর্ণাম্, কর্ম্মণা, ধর্ম্মেণ।

---

## ষত্ববিধান

৮৩। অ আ ভিন্ন স্বরবর্ণ এবং ক্ ও র্ এই সকল বর্ণের পরস্থিত প্রত্যয়ের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—মুনি + সু = মুনিষু, নদী + যু = নদীষু, সাধু + সু = সাধুষু, বধূ + সু = বধূষু, ভ্রাতৃ + সু = ভ্রাতৃষু, স্বসৃ + সু = স্বসৃষু, সর্ব্বে + সাম্ = সর্ব্বেষাম, গো + সু = গোষু, গ্লৌ + সু = গ্লৌষু, বাক্ + সু = বাক্ষু, দিক্ + সু = দিক্ষু, চতুর্ + সু = চতুর্ষু, গীর + সু = গীর্ষু।

৮৪। অনুস্বার ও বিসর্গের ব্যবধান থাকিলেও দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা—হবীং + সি = হবীংষি, ধনূং + সি = ধনূংষি, আশীঃ + সু = আশীঃষু, ধনুঃ + সু = ধনুঃষু।

### অনুশীলনী

১। নিম্নলিখিত পদসমূহের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হইল কেন?
ধনুঃষু, হবীঃষু, আশীঃষু, গ্লৌষু, চতুর্ষু, দ্যোষু, বধূষু, প্রতিভূষু, সর্ব্বেষাম, দিক্ষু।

---

## সুবন্ত-প্রকরণ

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী—এই সাত বিভক্তি। শব্দের উত্তর সংখ্যা ও কারকাদি বোধের জন্য এই সাত প্রকার বিভক্তি প্রযুক্ত হইয়া থাকে। বিভক্তি-যুক্ত শব্দকে **সুবন্ত পদ** বলা হয়।

এক এক বিভক্তিতে তিন তিন বচন; একবচন, দ্বিবচন ও বহুবচন; শব্দে একবচনের বিভক্তি যোগ করিলে, একটি সংখ্যা বুঝায়; দ্বিবচনের বিভক্তি যোগ করিলে দুইটি সংখ্যা বুঝায়: বহুবচনে তিন হইতে পরার্দ্ধ পর্য্যন্ত সকল সংখ্যাই বুঝায়।

---

## বিভক্তির আকৃতি

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ঃ ( সু ) | ঔ | অঃ ( জস্ ) |
| দ্বিতীয়া | অম্ | ঔ ( ঔট্ ) | অঃ ( শস্ ) |
| তৃতীয়া | আ ( টা ) | ভ্যাম্ | ভিঃ ( ভিস্ ) |
| চতুর্থী | এ ( ঙে ) | ভ্যাম্ | ভ্যঃ ( ভ্যস্ ) |
| পঞ্চমী | অঃ ( ঙসি ) | ভ্যাম্ | ভ্যঃ ( ভ্যস্ ) |
| ষষ্ঠী | অঃ ( ঙস্ ) | ওঃ ( ওস্ ) | আম্ |
| সপ্তমী | ই ( ঙি ) | ওঃ ( ওস্ ) | সু ( সুপ্ ) |

কোন্ শব্দে কোন্ বিভক্তি যোগ করিলে কিরূপ পদ হয়, তাহা ক্রমে দর্শিত হইতেছে। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়;

সুতরাং সম্বোধনে শব্দের রূপ প্রথমার ন্যায় হয়। কিন্তু কোনও কোনও শব্দের সম্বোধনের একবচনে কিছু বিভিন্নতা আছে; এজন্য সম্বোধনের একবচনের রূপ পৃথক্ লিখিত হইবে।

—————

# স্বরান্ত শব্দ

## স্বরান্ত পুংলিঙ্গ শব্দ

### অকারান্ত নর শব্দ—মানুষ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | নরঃ | নরৌ | নরাঃ |
| দ্বিতীয়া | নরম্ | নরৌ | নরান্ |
| তৃতীয়া | নরেণ | নরাভ্যাম্ | নরৈঃ |
| চতুর্থী | নরায় | নরাভ্যাম্ | নরেভ্যঃ |
| পঞ্চমী | নরাৎ | নরাভ্যাম্ | নরেভ্যঃ |
| ষষ্ঠী | নরস্য | নরয়োঃ | নরাণাম্ |
| সপ্তমী | নরে | নরয়োঃ | নরেষু |
| সম্বোধন | নর | নরৌ | নরাঃ |

প্রায় সমুদয় অকারান্ত পুংলিঙ্গ শব্দ নর শব্দের তুল্য।

### অনুশীলনী

১। রূপ কর :- অশ্ব, গজ, দেব, নগ, বৃষ, মৃগ ও সাগর।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

নরকে, নরদিগকে, নরদিগের, অনেক নর বা নরেরা, দুইটি নর হইতে, নরদিগের হইতে, হে নর, নরদিগের দ্বারা, দুইটি নরে, রামের অশ্ব।

## ইকারান্ত মুনি শব্দ—ঋষি, তপস্বী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মুনিঃ | মুনী | মুনয়ঃ |
| দ্বিতীয়া | মুনিম্ | মুনী | মুনীন্ |
| তৃতীয়া | মুনিনা | মুনিভ্যাম্ | মুনিভিঃ |
| চতুর্থী | মুনয়ে | মুনিভ্যাম্ | মুনিভ্যঃ |
| পঞ্চমী | মুনেঃ | মুনিভ্যাম্ | মুনিভ্যঃ |
| ষষ্ঠী | মুনেঃ | মুন্যোঃ | মুনীনাম্ |
| সপ্তমী | মুনৌ | মুন্যোঃ | মুনীষু |
| সম্বোধন | মুনে | | |

পতি, সখি ভিন্ন সমুদয় ইকারান্ত পুংলিঙ্গ শব্দ মুনি * শব্দের তুল্য।

### অনুশীলনী

১। রূপ কর:—হরি, বিধি, রবি, গিরি, নিধি, ঋষি, শ্রীপতি ও নরপতি।

২। সংস্কৃতে অনুবাদ কর:—মুনিরা বা মুনিসকল, মুনিদ্বারা, হরিকে, বিধির, রবির, দুইটি গিরি, তিনজন বা অনেক ঋষি শ্রীপতিদিগের, নরপতির, দুইজন ঋষির দ্বারা, গিরি হইতে ও কপিগুলির।

* অন্য শব্দের সহিত সমাস হইলে, পতি শব্দের রূপ মনি শব্দের ন্যায় হয় যথা—নরপতি—তৃতীয়া ১ব—নরপতিনা। শ্রীপতি—শ্রীপতিনা। ভূপতি—ভূপতিনা। নৃপতি—নৃপতিনা। সেনাপতি—সেনাপতিনা।

### পতি শব্দ—স্বামী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পতিঃ | পতী | পতয়ঃ |
| দ্বিতীয়া | পতিম্ | পতী | পতীন্ |
| তৃতীয়া | পত্যা | পতিভ্যাম্ | পতিভিঃ |
| চতুর্থী | পত্যে | পতিভ্যাম্ | পতিভ্যঃ |
| পঞ্চমী | পত্যুঃ | পতিভ্যাম্ | পতিভ্যঃ |
| ষষ্ঠী | পত্যুঃ | পত্যোঃ | পতীনাম্ |
| সপ্তমী | পত্যৌ | পত্যোঃ | পতিষু |
| সম্বোধন | পতে | | |

### অনুশীলনী

১। অন্য শব্দের সহিত সমাস হইলে, প্রতি শব্দের রূপ যে শব্দের রূপের মত হইবে, কয়েকটি উদাহরণ দিয়া তাহা দেখাইয়া দাও।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

গৃহস্বামীর ( মুনি শব্দের মত ) ভৃত্যবর্গ। স্বামীর নিকট হইতে। প্রভু-দিগের। মনিবের ভৃত্যদ্বয়। পতির হস্তদ্বয়। সেনাপতির দুইটি ঘোড়া। স্বামীর দ্বারা। দুইজন প্রভুর। নরপতির সৈন্যগণ।

### সখি শব্দ—বন্ধু

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সখা | সখায়ৌ | সখায়ঃ |
| দ্বিতীয়া | সখায়ম্ | সখায়ৌ | সখীন্ |
| তৃতীয়া | সখ্যা | সখিভ্যাম্ | সখিভিঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | সখ্যে | সখিভ্যাম্ | সখিভ্যঃ |
| পঞ্চমী | সখ্যুঃ | সখিভ্যাম্ | সখিভ্যঃ |
| ষষ্ঠী | সখ্যুঃ | সখ্যোঃ | সখীনাম্ |
| সপ্তমী | সখ্যৌ | সখ্যোঃ | সখিষু |
| সম্বোধন | সখে | | |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

বন্ধুতে বন্ধুতে, বন্ধুদিগের দ্বারা, বন্ধুদিগকে, দুইজন বন্ধুকে, বন্ধুদিগের, বন্ধুর, বন্ধুর নিকট হইতে, বন্ধুগণের নিকট হইতে, বন্ধুদিগকে।

## ঈকারান্ত সুধী শব্দ—পণ্ডিত

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সুধীঃ | সুধিয়ৌ | সুধিয়ঃ |
| দ্বিতীয়া | সুধিয়ম্ | সুধিয়ৌ | সুধিয়ঃ |
| তৃতীয়া | সুধিয়া | সুধীভ্যাম্ | সুধীভিঃ |
| চতুর্থী | সুধিয়ে | সুধীভ্যাম্ | সুধীভ্যঃ |
| পঞ্চমী | সুধিয়ঃ | সুধীভ্যাম্ | সুধীভ্যঃ |
| ষষ্ঠী | সুধিয়ঃ | সুধিয়োঃ | সুধিয়াম্ |
| সপ্তমী | সুধিয়ি | সুধিয়োঃ | সুধীষু |
| সম্বোধন | সুধীঃ | | |

অনেক পুংলিঙ্গ ঈকারান্ত শব্দ সুধী শব্দের তুল্য।

## অনুশীলনী

১। রূপ কর :—অপর্হ্রী, গতভী, নির্ভী, যবক্রী, অল্পধী, সুশ্রী, শুদ্ধধী ও হতশ্রী।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

সুধীকে ( দ্বিতীয়া ), সুধীদিগের, সুধীদিগকে, সুধীর দ্বারা, সুধীদিগের বা সুধিগণের দ্বারা, সুধীকে ( চতুর্থী ), সুধীর, সুধীর নিকট হইতে এবং সুধিগণের নিকট হইতে।

## উকারান্ত—সাধু শব্দ—ধার্ম্মিক লোক

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সাধুঃ | সাধূ | সাধবঃ |
| দ্বিতীয়া | সাধুম্ | সাধূ | সাধূন্ |
| তৃতীয়া | সাধুনা | সাধুভ্যাম | সাধুভিঃ |
| চতুর্থী | সাধবে | সাধুভ্যাম্ | সাধুভ্যঃ |
| পঞ্চমী | সাধোঃ | সাধুভ্যাম্ | সাধুভ্যঃ |
| ষষ্ঠী | সাধোঃ | সাধ্বোঃ | সাধূনাম্ |
| সপ্তমী | সাধৌ | সাধ্বোঃ | সাধুষু |
| সম্বোধন | সাধো | | |

প্রায় সমুদয় উকারান্ত পুংলিঙ্গ শব্দ সাধু শব্দের তুল্য।

## অনুশীলনী

১। রূপ কর :—ঋতু, গুরু, পশু, প্রভু, ভানু, মনু, বন্ধু, বায়ু, বিধু, বিভু, বিষ্ণু, রিপু ও শিশু।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

সাধুকে, ঋতুসকল, পশুগুলির, মনুর, মধুর দ্বারা, যদুর দ্বারা, বন্ধু দুইটির, বায়ুর দ্বারা, দুইটি বিধু, বিভুকে, বিভুদিগের, রিপুসমূহের দ্বারা ও শিশু দুইটিকে।

### ঋকারান্ত দাতৃ শব্দ—দাতা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দাতা | দাতারৌ | দাতারঃ |
| দ্বিতীয়া | দাতারম্ | দাতারৌ | দাতৄন্ |
| তৃতীয়া | দাত্রা | দাতৃভ্যাম্ | দাতৃভিঃ |
| চতুর্থী | দাত্রে | দাতৃভ্যাম্ | দাতৃভ্যঃ |
| পঞ্চমী | দাতুঃ | দাতৃভ্যাম্ | দাতৃভ্যঃ |
| ষষ্ঠী | দাতুঃ | দাত্রোঃ | দাতৄণাম্ |
| সপ্তমী | দাতরি | দাত্রোঃ | দাতৃষু |
| সম্বোধন | দাতঃ | | |

ভ্রাতৃ, পিতৃ, জামাতৃ, নৃ প্রভৃতি কয়েকটি ভিন্ন সমুদয় ঋকারান্ত পুংলিঙ্গ শব্দ দাতৃ শব্দের তুল্য।

### অনুশীলনী

১। রূপ কর :—দাতৃ, জেতৃ, সবিতৃ কর্তৃ, হন্তৃ ও শ্রোতৃ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

দাতার, দাতাদিগকে, দাতা হইতে, দাতাদিগের।



### ভ্রাতৃ শব্দ—ভ্রাতা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভ্রাতা | ভ্রাতরৌ | ভ্রাতরঃ |
| দ্বিতীয়া | ভ্রাতরম্ | ভ্রাতরৌ | ভ্রাতৄন্ |
| সম্বোধন | ভ্রাতঃ | | |

এ ভিন্ন আর সকল বিভক্তিতেই দাতৃ শব্দের ন্যায়।

পিতৃ, জামাতৃ, নৃ প্রভৃতি কয়েকটি শব্দ ভ্রাতৃ শব্দের ন্যায়। কেবল নৃ শব্দের ষষ্ঠীর বহুবচনে নৃণাম্ ও নৄণাম দুই পদ হয়।

### অনুশীলনী

১। রূপ কর :—পিতৃ, জামাতৃ, নৃ, দেবৃ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

ভাইকে, ভাই সকল, দুইটি ভাই, তিনটি ভাই, ভাই সকলের দ্বারা, ভাইদিগকে, ভাই সকলে, দুইটি ভাইয়ের, দুইটি ভাইয়ের দ্বারা, ভাইকে।

### ওকারান্ত গো শব্দ—গরু

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | গৌঃ | গাবৌ | গাবঃ |
| দ্বিতীয়া | গাম্ | গাবৌ | গাঃ |
| তৃতীয়া | গবা | গোভ্যাম্ | গোভিঃ |
| চতুর্থী | গবে | গোভ্যাম্ | গোভ্যঃ |
| পঞ্চমী | গোঃ | গোভ্যাম্ | গোভ্যঃ |
| ষষ্ঠী | গোঃ | গবোঃ | গবাম্ |
| সপ্তমী | গবি | গবোঃ | গোষু |
| সম্বোধন | গৌঃ | | |

সমুদয় পুংলিঙ্গ ওকারান্ত শব্দ এইরূপ।

### অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

গরু, একটি গরুকে, গরুগুলিকে ( চতুর্থী ), দুইটি গরুর, একটি গরুর দ্বারা, গরুগুলির, একটি গরুর ও দুইটি গরুর দ্বারা।

## স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

### আকারান্ত লতা শব্দ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | লতা | লতে | লতাঃ |
| দ্বিতীয়া | লতাম্ | লতে | লতাঃ |
| তৃতীয়া | লতয়া | লতাভ্যাম্ | লতাভিঃ |
| চতুর্থী | লতায়ৈ | লতাভ্যাম্ | লতাভ্যঃ |
| পঞ্চমী | লতায়াঃ | লতাভ্যাম্ | লতাভ্যঃ |
| ষষ্ঠী | লতায়াঃ | লতয়োঃ | লতানাম্ |
| সপ্তমী | লতায়াম্ | লতয়োঃ | লতাসু |
| সম্বোধন | লতে | | |

প্রায় সমুদয় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

### অনুশীলনী

১। রূপ কর :—কথা, জায়া, দুর্গা, কৃপা, বিদ্যা, দয়া, উষা, মায়া, পূজা, জটা, রেখা, শিখা, শোভা, বালিকা।

২। **সংস্কৃতে অনুবাদ কর :—**

লতাকে, দুইটি লতার দ্বারা, অনেকগুলি লতার দ্বারা, লতাগুলির, লতার, দুইটি লতার, লতাগুলিতে, লতা হইতে, লতাদিগের রামের ভার্য্যাকে।

## ইকারান্ত মতি শব্দ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মতিঃ | মতী | মতয়ঃ |
| দ্বিতীয়া | মতিম্ | মতী | মতীঃ |
| তৃতীয়া | মত্যা | মতিভ্যাম | মতিভিঃ |
| চতুর্থী | মত্যৈ মতয়ে | মতিভ্যাম্ | মতিভ্যঃ |
| পঞ্চমী | মত্যাঃ, মতেঃ | মতিভ্যাম্ | মতিভ্যঃ |
| ষষ্ঠী | মত্যাঃ, মতেঃ | মত্যোঃ | মতীনাম্ |
| সপ্তমী | মত্যাম্, মতৌ | মত্যোঃ | মতিষু |
| সম্বোধন | মতে | | |

সমুদয় ইকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

### অনুশীলনী

১। রূপ কর :—অটবি, জাতি, শ্রান্তি, কান্তি, গতি, স্মৃতি, ধৃতি, বুদ্ধি, শুদ্ধি, রাত্রি, ভূমি, ক্ষিতি, অঙ্গুলি ও ওষধি।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

অঙ্গুলি, অঙ্গুলির দ্বারা, অঙ্গুলি হইতে, গতির দ্বারা, বুদ্ধি, বুদ্ধির দ্বারা, ভূমিতে, ক্ষিতির, ওষধির দ্বারা, রাত্রি, ভূমির পতি, যমুনার প্রীতির জন্য ও বালিকার বুদ্ধি।

## ঈকারান্ত নদী শব্দ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | নদী | নদ্যৌ | নদ্যঃ |
| দ্বিতীয়া | নদীম্ | নদ্যৌ | নদীঃ |
| তৃতীয়া | নদ্যা | নদীভ্যাম্ | নদীভিঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| চতুর্থী | নদ্যৈ | নদীভ্যাম্ | নদীভ্যঃ |
| পঞ্চমী | নদ্যাঃ | নদীভ্যাম্ | নদীভ্যঃ |
| ষষ্ঠী | নদ্যাঃ | নদ্যোঃ | নদীনাম্ |
| সপ্তমী | নদ্যাম্ | নদ্যোঃ | নদীষু |
| সম্বোধন | নদি | | |

## অনুশীলনী

১। রূপ কর—দেবী, মহী, গৌরী, কালী, নারী, শ্রেণী, অটবী, কুমারী, জননী, ভগিনী, যামিনী, পৃথিবী, সুন্দরী ও সরস্বতী।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

নদী, দুইটি নদী, তিনটি বা অনেক নদী, নদীগুলির, নদীর দ্বারা, নদী হইতে, নদীগুলিতে, নদীর, নদীগুলির দ্বারা, নদীগুলিকে।

### শ্রী শব্দ—লক্ষ্মী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্রীঃ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |
| দ্বিতীয়া | শ্রিয়ম্ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |
| তৃতীয়া | শ্রিয়া | শ্রীভ্যাম্ | শ্রীভিঃ |
| চতুর্থী | শ্রিয়ৈ, শ্রিয়ে | শ্রীভ্যাম্ | শ্রীভ্যঃ |
| পঞ্চমী | শ্রিয়াঃ, শ্রিয়ঃ | শ্রীভ্যাম্ | শ্রীভ্যঃ |
| ষষ্ঠী | শ্রিয়াঃ, শ্রিয়ঃ | শ্রিয়োঃ | শ্রীণাম, শ্রিয়াম্ |
| সপ্তমী | শ্রিয়াম্, শ্রিয়ি | শ্রিয়োঃ | শ্রীষু |
| সম্বোধন | শ্রীঃ | | |

( দীর্ঘ ) ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে কতকগুলি নদী শব্দের মত, কতকগুলি শ্রী শব্দের মত। স্ত্রীশব্দের কিছু বিশেষ আছে।

## অনুশীলনী

১। যে যে বিভক্তির যে যে বচনে শ্রী শব্দের দুইটি করিয়া রূপ হয়, সেই সকল বিভক্তি ও বচনের নাম উল্লেখ করিয়া রূপগুলি বল।

২। রূপ কর—ধী, ভী ও হ্রী।

## স্ত্রী শব্দ—স্ত্রীলোক—পত্নী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | স্ত্রী | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ |
| দ্বিতীয়া | স্ত্রিয়ম্, স্ত্রীম্ | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ, স্ত্রীঃ |
| তৃতীয়া | স্ত্রিয়া | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভিঃ |
| চতুর্থী | স্ত্রিয়ৈ | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভ্যঃ |
| পঞ্চমী | স্ত্রিয়াঃ | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভ্যঃ |
| ষষ্ঠী | স্ত্রিয়াঃ | স্ত্রিয়োঃ | স্ত্রীণাম্ |
| সপ্তমী | স্ত্রিয়াম্ | স্ত্রিয়োঃ | স্ত্রীষু |
| সম্বোধন | স্ত্রি | | |

## অনুশীলনী

১। স্ত্রী শব্দের রূপ কর। যে যে বিভক্তির যে যে বচনে স্ত্রী শব্দের সহিত শ্রী শব্দের রূপের সাদৃশ্য (মিল) আছে, তাহা দেখাইয়া দাও।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

একটি স্ত্রী, স্ত্রীকে, স্ত্রীর দ্বারা, স্ত্রীগণের এবং স্ত্রীদিগকে।

### উকারান্ত ধেনু শব্দ—গাভী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ধেনুঃ | ধেনূ | ধেনবঃ |
| দ্বিতীয়া | ধেনুম্ | ধেনূ | ধেনূঃ |
| তৃতীয়া | ধেন্বা | ধেনুভ্যাম্ | ধেনুভিঃ |
| চতুর্থী | ধেন্বৈ, ধেনবে | ধেনুভ্যাম্ | ধেনুভ্যঃ |
| পঞ্চমী | ধেন্বাঃ, ধেনোঃ | ধেনুভ্যাম্ | ধেনুভ্যঃ |
| ষষ্ঠী | ধেন্বাঃ, ধেনোঃ | ধেন্বোঃ | ধেনূনাম্ |
| সপ্তমী | ধেন্বাম্, ধেনৌ | ধেন্বোঃ | ধেনুষু |
| সম্বোধন | ধেনো | | |

সমুদয় ( হ্রস্ব ) উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

### অনুশীলনী

১। রূপ কর – তনু, চঞ্চু, রজ্জু, রেণু, উড়ু, স্নায়ু, বার্ত্তাকু।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

একটি ধেনু, ধেনুকে, ধেনুগুলিকে, দুইটি ধেনু, ধেনুগুলি, ধেনুগুলির দ্বারা, ধেনুর, ধেনুগুলির, ধেনু দুইটিকে।

### উকারান্ত বধূ শব্দ—বউ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বধূঃ | বধ্বৌ | বধ্বঃ |
| দ্বিতীয়া | বধূম্ | বধ্বৌ | বধূঃ |
| তৃতীয়া | বধ্বা | বধূভ্যাম্ | বধূভিঃ |
| চতুর্থী | বধ্বৈ | বধূভ্যাম্ | বধূভ্যঃ |
| পঞ্চমী | বধ্বাঃ | বধূভ্যাম্ | বধূভ্যঃ |
| ষষ্ঠী | বধ্বাঃ | বধ্বোঃ | বধূনাম্ |
| সপ্তমী | বধ্বাম্ | বধ্বোঃ | বধূষু |
| সম্বোধন | বধু | | |

## অনুশীলনী

১। বধূ শব্দের যে যে বিভক্তির যে যে বচনে একই রকম আকার হয়, রূপের সহিত তাহাদের নাম বল।

২। রূপ কর—চমূ, চঞ্চু, তনূ, প্রসূ, শ্বশ্রূ, পুনর্ভূ, বীরসূ, বর্ষাভূ, করভূ।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—

বধূকে, দুইটি বধূ, বধূগণ, দুইটি বধূকে, বধূর দ্বারা, বধূদিগের দ্বারা, বধূ হইতে, বধূর, বধূগণের, দুইটি বধূর, দুইটি বধূতে।

### ভ্রূ শব্দ—ভুরু

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভ্রূঃ | ভ্রুবৌ | ভ্রুবঃ |
| দ্বিতীয়া | ভ্রুবম্ | ভ্রুবৌ | ভ্রুবঃ |
| তৃতীয়া | ভ্রুবা | ভ্রূভ্যাম্ | ভ্রূভিঃ |
| চতুর্থী | ভ্রুবৈ, ভ্রুবে | ভ্রূভ্যাম্ | ভ্রূভ্যঃ |
| পঞ্চমী | ভ্রুবাঃ, ভ্রুবঃ | ভ্রূভ্যাম্ | ভ্রূভ্যঃ |
| ষষ্ঠী | ভ্রুবাঃ, ভ্রুবঃ | ভ্রুবোঃ | ভ্রূণাম্, ভ্রুবাম্ |
| সপ্তমী | ভ্রুবাম্, ভ্রুবি | ভ্রুবোঃ | ভ্রূষু |
| সম্বোধন | ভ্রূঃ | | |

(দীর্ঘ) উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে, কতকগুলি বধূ শব্দের মত, কতকগুলি ভ্রূ শব্দের মত। সুভ্রূ শব্দ ভ্রূ শব্দের তুল্য, কেবল সম্বোধনের একবচনে সুভ্রু এই হ্রস্ব উকারের বিসর্গহীন পদ হয়, এই-মাত্র বিশেষ।

## অনুশীলনী

১। ভ্রূ শব্দের যে যে বিভক্তির যে যে বচনে একই রকম আকার হয়, রূপের সহিত তাহাদের নাম বল।

২। রূপ কর :—ভূ, সুভ্রূ।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—

ভুরুর, ভ্রূ দুইটি, রামের ভ্রূ দুইটি, মানবগণের ভ্রূসমূহ, বধূগণের ভ্রূ সকল, স্ত্রীগণের ভ্রূ সকল।

### ঋকারান্ত দুহিতৃ শব্দ—কন্যা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দুহিতা | দুহিতরৌ | দুহিতরঃ |
| দ্বিতীয়া | দুহিতরম্ | দুহিতরৌ | দুহিতৄঃ |
| তৃতীয়া | দুহিত্রা | দুহিতৃভ্যাম্ | দুহিতৃভিঃ |
| চতুর্থী | দুহিত্রে | দুহিতৃভ্যাম্ | দুহিতৃভ্যঃ |
| পঞ্চমী | দুহিতুঃ | দুহিতৃভ্যাম্ | দুহিতৃভ্যঃ |
| ষষ্ঠী | দুহিতুঃ | দুহিত্রোঃ | দুহিতৄণাম্ |
| সপ্তমী | দুহিতরি | দুহিত্রোঃ | দুহিতৃষু |
| সম্বোধন | দুহিতঃ | | |

স্বসৃ শব্দ ভিন্ন সমুদয় ঋকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ এই প্রকার।

## অনুশীলনী

১। রূপ কর - মাতৃ, যাতৃ, ননান্দৃ ( ননদ )।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

দুহিতা, দুহিতা দুইটির, দুইটি দুহিতার দ্বারা, দুহিতাদিগের, দুহিতাকে ( ৪র্থী ), দুহিতাদিগের দ্বারা, দুহিতাকে, দুহিতার দ্বারা, দুহিতাদিগকে, দুহিতারা, দুহিতা দুইটিকে।

### স্বস্থ শব্দ—ভগিনী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | স্বসা | স্বসারৌ | স্বসারঃ |
| দ্বিতীয়া | স্বসারম্ | স্বসারৌ | |
| সম্বোধন | স্বসঃ | | |

ইহা ভিন্ন আর সকল বিভক্তিতেই দুহিতৃ শব্দের তুল্য।

### অনুশীলনী

১। স্বস্থ শব্দের রূপের সহিত দুহিতৃ শব্দের রূপের তুলনা কর।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

(ক) রামের ভগিনী, রাজার ভগিনীর নিকট হইতে, হরির ভগিনীকে।

## স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ

### অকারন্ত ফল শব্দ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ফলম্ | ফলে | ফলানি |
| দ্বিতীয়া | ফলম্ | ফলে | ফলানি |
| সম্বোধন | ফল | ফলে | ফলানি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গ অকারান্ত শব্দের তুল্য।

প্রায় সমুদয় অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ এইরূপ।

### অনুশীলনী

১। রূপ কর—জল, ধন, বন, পাত্র, মিত্র, ছত্র, গৃহ, তৃণ, পুষ্প, শষ্প, কমল, কানন, কুসুম, গগন, নক্ষত্র ও অপত্য।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

একটি ফল, তিনটি ফল বা ফলগুলি, ফলের দ্বারা; ফলগুলির দ্বারা, ফল হইতে, ফলের, ফলগুলির, দুইটি ফলের, ফলসমূহ ও বৃক্ষের ফল।

### ( হ্রস্ব ) ইকারান্ত বারি শব্দ—জল

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বারি | বারিণী | বারীণি |
| দ্বিতীয়া | বারি | বারিণী | বারীণি |
| তৃতীয়া | বারিণা | বারিভ্যাম্ | বারিভিঃ |
| চতুর্থী | বারিণে | বারিভ্যাম্ | বারিভ্যঃ |
| পঞ্চমী | বারিণঃ | বারিভ্যাম্ | বারিভ্যঃ |
| ষষ্ঠী | বারিণঃ | বারিণোঃ | বারীণাম্ |
| সপ্তমী | বারিণি | বারিণোঃ | বারিষু |
| সম্বোধন | বারে, বারি | | |

দধি প্রভৃতি কতিপয় শব্দ ভিন্ন সমুদয় ( হ্রস্ব ) ইকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ এই প্রকার।

### অনুশীলনী

১। বারি শব্দের যে যে বিভক্তির যে যে বচনে একই রকম আকার হয়, রূপের সহিত তাহাদের নাম বল।

### দধি শব্দ—দৈ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দধি | দধিনী | দধীনি |
| দ্বিতীয়া | দধি | দধিনী | দধীনি |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| তৃতীয়া | দধ্না | দধিভ্যাম্ | দধিভিঃ |
| চতুর্থী | দধ্নে | দধিভ্যাম্ | দধিভ্যঃ |
| পঞ্চমী | দধ্নঃ | দধিভ্যাম্ | দধিভ্যঃ |
| ষষ্ঠী | দধ্নঃ | দধ্নোঃ | দধ্নাম্ |
| সপ্তমী | দধ্নি, দধনি | দধ্নোঃ | দধিষু |
| সম্বোধন | দধে, দধি | | |

অক্ষি, অস্থি ও সক্থি শব্দ অবিকল এইরূপ।

উকারান্ত মধু শব্দ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মধু | মধুনী | মধূনি |
| দ্বিতীয়া | মধু | মধুনী | মধূনি |
| তৃতীয়া | মধুনা | মধুভ্যাম্ | মধুভিঃ |
| চতুর্থী | মধুনে | মধুভ্যাম্ | মধুভ্যঃ |
| পঞ্চমী | মধুনঃ | মধুভ্যাম্ | মধুভ্যঃ |
| ষষ্ঠী | মধুনঃ | মধুনোঃ | মধূনাম্ |
| সপ্তমী | মধুনি | মধুনোঃ | মধুষু |
| সম্বোধন | মধো, মধু | | |

প্রায় সমুদয় হ্রস্ব উকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ এই প্রকার।

**অনুশীলনী**

১। রূপ কর—জানু, জতু, দারু, অম্বু, বস্তু, অশ্রু।

— — —

# ব্যঞ্জনান্ত শব্দ

## ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ শব্দ

জ্-কারান্ত সম্রাজ্ শব্দ—রাজগণের রাজা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সম্রাট্ | সম্রাজৌ | সম্রাজঃ |
| দ্বিতীয়া | সম্রাজম্ | সম্রাজৌ | সম্রাজঃ |
| তৃতীয়া | সম্রাজা | সম্রাড়্ভ্যাম্ | সম্রাড়্ভিঃ |
| চতুর্থী | সম্রাজে | সম্রাড়্ভ্যাম্ | সম্রাড়্ভ্যঃ |
| পঞ্চমী | সম্রাজঃ | সম্রাড়্ভ্যাম্ | সম্রাড়্ভ্য |
| ষষ্ঠী | সম্রাজঃ | সম্রাজোঃ | সম্রাজাম্ |
| সপ্তমী | সম্রাজি | সম্রাজোঃ | সম্রাট্‌সু |
| সম্বোধন | সম্রাট্ | | |

প্রায় সমুদয় জ্-কারান্ত শব্দ সম্রাজ্ শব্দের তুল্য। জ্-কারান্ত বণিজ্ শব্দের রূপ পৃথক্।

বণিজ্ শব্দ—ব্যবসায়ী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বণিক্ | বণিজৌ | বণিজঃ |
| দ্বিতীয়া | বণিজম্ | বণিজৌ | বণিজঃ |
| তৃতীয়া | বণিজা | বণিগ্ভ্যাম্ | বণিগ্ভিঃ |
| চতুর্থী | বণিজে | বণিগ্ভ্যাম্ | বণিগ্ভ্যঃ |

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| পঞ্চমী | বণিজঃ | বণিগ্‌ভ্যাম্ | বণিগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | বণিজঃ | বণিজোঃ | বণিজাম্ |
| সপ্তমী | বণিজি | বণিজোঃ | বণিক্ষু |
| সম্বোধন | বণিক্ | | |

ঋত্বিজ্ ( পুরোহিত ), ভিষজ্ ( বৈদ্য ), ভূভুজ্ ( রাজা ) শব্দ বণিজ্ শব্দের তুল্য।

**অনুশীলনী**

১। বণিজ্ ও সম্রাজ্ শব্দের রূপ কর।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

ভারতের সম্রাট্‌কে। নগরের বণিক্‌গণ। সম্রাটের। বণিক্‌কে। সম্রাট্ কর্ত্তৃক। বণিকের দ্বারা। বৈদ্যের নিকট হইতে। সম্রাট্‌দের সভায়। বণিকের জন্য। পুরোহিতগণকে। রাজগণের মধ্যে।

ত্‌কারান্ত ভূভৃৎ শব্দ—রাজা, পর্ব্বত

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভূভৃৎ | ভূভৃতৌ | ভূভৃতঃ |
| দ্বিতীয়া | ভূভৃতম্ | ভূভৃতৌ | ভূভৃতঃ |
| তৃতীয়া | ভূভৃতা | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভিঃ |
| চতুর্থী | ভূভৃতে | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভ্যঃ |
| পঞ্চমী | ভূভৃতঃ | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভ্যঃ |
| ষষ্ঠী | ভূভৃতঃ | ভূভৃতোঃ | ভূভৃতাম্ |
| সপ্তমী | ভূভৃতি | ভূভৃতোঃ | ভূভৃৎসু |
| সম্বোধন | ভূভৃৎ | | |

## শ্রীমৎ শব্দ—সৌভাগ্যশালী

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্রীমান্ | শ্রীমন্তৌ | শ্রীমন্তঃ |
| দ্বিতীয়া | শ্রীমন্তম্ | শ্রীমন্তৌ | শ্রীমতঃ |
| তৃতীয়া | শ্রীমতা | শ্রীমদ্ভ্যাম্ | শ্রীমদ্ভিঃ |
| চতুর্থী | শ্রীমতে | শ্রীমদ্ভ্যাম্ | শ্রীমদ্ভ্যঃ |
| পঞ্চমী | শ্রীমতঃ | শ্রীমদ্ভ্যাম্ | শ্রীমদ্ভ্যঃ |
| ষষ্ঠী | শ্রীমতঃ | শ্রীমতোঃ | শ্রীমতাম্ |
| সপ্তমী | শ্রীমতি | শ্রীমতোঃ | শ্রীমৎসু |
| সম্বোধন | শ্রীমন্ | | |

আয়ুষ্মৎ, বুদ্ধিমৎ, হনুমৎ ( হনূমৎ ), ধীমৎ, জ্ঞানবৎ, বিদ্যাবৎ, লক্ষ্মীবৎ, জিতবৎ, গুণবৎ প্রভৃতি মৎ ও বৎ প্রত্যয়ান্ত শব্দ এবং কৃতবৎ, গতবৎ, জিতবৎ, দৃষ্টবৎ, শ্রুতবৎ প্রভৃতি তবৎ প্রত্যয়ান্ত শব্দ শ্রীমৎ শব্দের তুল্য।

## গায়ৎ শব্দ—গান করিতে করিতে

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | গায়ন্ | গায়ন্তৌ | গায়ন্তঃ |
| দ্বিতীয়া | গায়ন্তম্ | গায়ন্তৌ | গায়তঃ |
| তৃতীয়া | গায়তা | গায়দ্ভ্যাম্ | গায়দ্ভিঃ |
| চতুর্থী | গায়তে | গায়দ্ভ্যাম্ | গায়দ্ভ্যঃ |
| পঞ্চমী | গায়তঃ | গায়দ্ভ্যাম্ | গায়দ্ভ্যঃ |
| ষষ্ঠী | গায়তঃ | গায়তোঃ | গায়তাম্ |
| সপ্তমী | গায়তি | গায়তোঃ | গায়ৎসু |
| সম্বোধন | গায়ন্ | | |

কুর্ব্বৎ, গচ্ছৎ, জানৎ, নৃত্যৎ, পশ্যৎ, পিবৎ, হাস্যৎ প্রভৃতি অৎ ( শতৃ ) প্রত্যয়ান্ত শব্দের রূপ গায়ৎ শব্দের ন্যায়। ত্‌কারান্ত শব্দের মধ্যে কতকগুলি ভূভৃৎ শব্দের তুল্য, কতকগুলি শ্রীমৎ শব্দের তুল্য, কতকগুলি গায়ৎ শব্দের তুল্য। ভবৎ শব্দ গায়ৎ শব্দের তুল্য ; কিন্তু যখন 'তুমি' অর্থে প্রয়োগ হয়, তখন শ্রীমৎ শব্দের ন্যায়। মহৎ শব্দ গায়ৎ শব্দের তুল্য, কেবল প্রথমা ও দ্বিতীয়াতে বিশেষ আছে।

## মহৎ শব্দ—বড়, পূজ্য

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মহান্ | মহান্তৌ | মহান্তঃ |
| দ্বিতীয়া | মহান্তম্ | মহান্তৌ | মহতঃ |
| সম্বোধন | মহন্ | | |

অন্যান্য বিভক্তিতে গায়ৎ শব্দের ন্যায়। মনে রাখিও—মৎ, বৎ, তবৎ ও অৎ প্রত্যয়ান্ত শব্দসমূহ **বিশেষণ**।

## ন্‌কারান্ত লঘিমন্‌ শব্দ—লঘুতা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | লঘিমা | লঘিমানৌ | লঘিমানঃ |
| দ্বিতীয়া | লঘিমানম্ | লঘিমানৌ | লঘিম্নঃ |
| তৃতীয়া | লঘিম্না | লঘিমভ্যাম্ | লঘিমভিঃ |
| চতুর্থী | লঘিম্নে | লঘিমভ্যাম্ | লঘিমভ্যঃ |
| পঞ্চমী | লঘিম্ন | লঘিমভ্যাম্ | লঘিমভ্যঃ |
| ষষ্ঠী | লঘিম্নঃ | লঘিম্নোঃ | লঘিম্নাম |
| সপ্তমী | লঘিম্নি, লঘিমনি | লঘিম্নোঃ | লঘিমসু |
| সম্বোধন | লঘিমন্ | | |

আত্মন, যুবন্, শ্বন্, মঘবন্ প্রভৃতি কতিপয় শব্দ ভিন্ন প্রায় সমুদয় ন্‌কারান্ত শব্দ লঘিমন্ শব্দের তুল্য।

### আত্মন্ শব্দ—আত্মা, নিজ

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | আত্মা | আত্মানৌ | আত্মানঃ |
| দ্বিতীয়া | আত্মানম্ | আত্মনৌ | আত্মনঃ |
| তৃতীয়া | আত্মনা | আত্মভ্যাম্ | আত্মভিঃ |
| চতুর্থী | আত্মনে | আত্মভ্যাম্ | আত্মভ্যঃ |
| পঞ্চমী | আত্মনঃ | আত্মভ্যাম্ | আত্মভ্যঃ |
| ষষ্ঠী | আত্মনঃ | আত্মনোঃ | আত্মনাম্ |
| সপ্তমী | আত্মনি | আত্মনোঃ | আত্মসু |
| সম্বোধন | আত্মন্ | | |

যে সকল শব্দের অন্‌ভাগের অকার ম-সংযুক্ত অথবা ব-সংযুক্ত বর্ণে মিলিত থাকে, তাহাদের রূপ আত্মন্ শব্দের তুল্য।

### রাজন্ শব্দ—রাজা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | রাজা | রাজানৌ | রাজানঃ |
| দ্বিতীয়া | রাজানম্ | রাজানৌ | রাজ্ঞঃ |
| তৃতীয়া | রাজ্ঞা | রাজভ্যাম্ | রাজভিঃ |
| চতুর্থী | রাজ্ঞে | রাজভ্যাম্ | রাজভ্যঃ |
| পঞ্চমী | রাজ্ঞঃ | রাজভ্যাম্ | রাজভ্যঃ |
| ষষ্ঠী | রাজ্ঞঃ | রাজ্ঞোঃ | রাজ্ঞাম্ |
| সপ্তমী | রাজ্ঞি, রাজনি | রাজ্ঞোঃ | রাজসু |
| সম্বোধন | রাজন্ | | |

## যুবন্ শব্দ—যুবা

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যুবা | যুবানৌ | যুবানঃ |
| দ্বিতীয়া | যুবানম্ | যুবানৌ | যূনঃ |
| তৃতীয়া | যূনা | যূবভ্যাম্ | যূবভিঃ |
| চতুর্থী | যূনে | যুবভ্যাম্ | যুবভ্যঃ |
| পঞ্চমী | যূনঃ | যুবভ্যাম্ | যুবভ্যঃ |
| ষষ্ঠী | যূনঃ | যূনোঃ | যূনাম্ |
| সপ্তমী | যূনি | যূনোঃ | যুবসু |
| সম্বোধন | যুবন্ | | |

## শ্বন্ শব্দ—কুকুর

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্বা | শ্বানৌ | শ্বানঃ |
| দ্বিতীয়া | শ্বানম্ | শ্বানৌ | শুনঃ |
| তৃতীয়া | শুনা | শ্বভ্যাম্ | শ্বভিঃ |
| বহুবচন | গচ্ছন্তি | গচ্ছথ | গচ্ছামঃ |

### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গচ্ছতু | গচ্ছ | গচ্ছানি |
| দ্বিবচন | গচ্ছতাম্ | গচ্ছতম্ | গচ্ছাব |
| বহুবচন | গচ্ছন্তু | গচ্ছত | গচ্ছাম |

### অতীত কাল—লঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | অগচ্ছৎ | অগচ্ছ | অগচ্ছম্ |
| দ্বিবচন | অগচ্ছতাম্ | অগচ্ছতম্ | অগচ্ছাব |
| বহুবচন | অগচ্ছন্ | অগচ্ছত | অগচ্ছাম |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গচ্ছেৎ | গচ্ছেঃ | গচ্ছেয়ম্ |
| দ্বিবচন | গচ্ছেতাম্ | গচ্ছেতম্ | গচ্ছেব |
| বহুবচদ | গচ্ছেয়ুঃ | গচ্ছেত | গচ্ছেম |

### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গমিষ্যতি | গমিষ্যসি | গমিষ্যামি |
| দ্বিবচন | গমিষ্যতঃ | গমিষ্যথঃ | গমিষ্যাবঃ |
| বহুবচন | গমিষ্যন্তি | গমিষ্যথ | গমিষ্যামঃ |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে যাইতেছে। আমি যাইব। তাহারা দুইজন সেখানে (তত্র) যাইবে। তুমি কোথায় (কুত্র) যাইতেছ? আপনি কোথায় যাইতেছেন? বালকেরা বাড়ীতে (আলয়ম্) যাইতেছে। হরি! তুমি কোথায় যাইবে? আমি বাড়ীতে যাইব। তোমরা কোথায় (কুত্র) গিয়াছিলে?

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

অহং গ্রামং গচ্ছামি। ত্বং কুত্র গচ্ছসি? অহং বিদ্যালয়ং গচ্ছামি। অয়ং কুত্র গমিষ্যতি? স বহির্গচ্ছতু। স বহির্জগাম।

## সকর্ম্মক শ্রু ধাতু —শ্রবণ, শোনা

### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | শৃণোতি | শৃণোষি | শৃণোমি |
| দ্বিবচন | শৃণুতঃ | শৃণুথঃ | শৃণুবঃ, শৃণ্বঃ |
| বহুবচন | শৃণ্বন্তি | শৃণুথ | শৃণুমঃ, শৃণ্মঃ |

### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | শৃণোতু | শৃণু | শৃণবানি |
| দ্বিবচন | শৃণুতাম্ | শৃণুতম্ | শৃণবাব |
| বহুবচন | শৃণ্বন্তু | শৃণুত | শৃণবাম |

### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অশৃণোৎ | অশৃণোঃ | অশৃণবম্ |
| দ্বিবচন | অশৃণুতাম্ | অশৃণুতম্ | অশৃণুব, অশৃণ্ব |
| বহুবচন | অশৃণ্বন্ | অশৃণুত | অশৃণুম, অশৃণ্ম |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | শৃণুয়াৎ | শৃণুয়াঃ | শৃণুয়াম্ |
| দ্বিবচন | শৃণুয়াতাম্ | শৃণুয়াতম্ | শৃণুয়াব |
| বহুবচন | শৃণুয়ুঃ | শৃণুয়াত | শৃণুয়াম |

ভবিষ্যৎ কাল—লৃট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | শ্রোষ্যতি | শ্রোষ্যসি | শ্রোষ্যামি |
| দ্বিবচন | শ্রোষ্যতঃ | শ্রোষ্যথঃ | শ্রোষ্যাবঃ |
| বহুবচন | শ্রোষ্যন্তি | শ্রোষ্যথ | শ্রোষ্যামঃ |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর ঃ—

তুমি গান ( সঙ্গীতম্ ) শুন। সে গান শুনিতেছে। আমরা গান শুনিয়াছিলাম। তোমরা দুজনে ইহা শুন। সে তাহা শুনুক। আমি ইহা শুনিব। শ্যাম ও যাদব ইহা শুনিয়াছে। হরি কিছুই ( কিমপি ) শুনে নাই।

২। নিজ মাতৃভাষায় অনুবাদ কর ঃ—

ত্বং কিং শুশ্রোথ? অহম্ ইদং শুশ্রাব। স ইদং অশৃণোৎ। অহং ইনম্ শ্রোষ্যামি। স তৎ শৃণোতি। অহম্ ইদং শৃণোমি। ত্বং গীতং শ্রোষ্যসি। বয়ং তৎ শ্রোষ্যামঃ। সঃ পিতুঃ উপদেশং শৃণোতু।

## সকর্ম্মক দৃশ্ ধাতু—দর্শন, দেখা

বর্ত্তমান কাল

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পশ্যতি | পশ্যসি | পশ্যামি |
| দ্বিবচন | পশ্যতঃ | পশ্যথঃ | পশ্যাবঃ |
| বহুবচন | পশ্যন্তি | পশ্যথ | পশ্যামঃ |

### অনুজ্ঞা—লোট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পশ্যতু | পশ্য | পশ্যানি |
| দ্বিবচন | পশ্যতাম্ | পশ্যতম্ | পশ্যাব |
| বহুবচন | পশ্যন্তু | পশ্যত | পশ্যাম |

### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অপশ্যৎ | অপশ্যঃ | অপশ্যম্ |
| দ্বিবচন | অপশ্যতাম্ | অপশ্যতম্ | অপশ্যাব |
| বহুবচন | অপশ্যন্ | অপশ্যত | অপশ্যাম |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | পশ্যেৎ | পশ্যেঃ | পশ্যেয়ম্ |
| দ্বিবচন | পশ্যেতাম্ | পশ্যেতম্ | পশ্যেব |
| বহুবচন | পশ্যেয়ুঃ | পশ্যেত | পশ্যেম |

### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দ্রক্ষ্যসি | দ্রক্ষ্যসি | দ্রক্ষ্যামি |
| দ্বিবচন | দ্রক্ষ্যতঃ | দ্রক্ষ্যথঃ | দ্রক্ষ্যাবঃ |
| বহুবচন | দ্রক্ষ্যন্তি | দ্রক্ষ্যথ | দ্রক্ষ্যামঃ |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

আমি চন্দ্র দেখিতেছি। সে দেখিতেছে। সে কি দেখিতেছে? তুমি কি দেখিতেছ? সে কি তোমাকে দেখিতেছে? ইনি দেখিয়াছেন। ইনি কি চন্দ্র দেখিয়াছেন? আপনি ইহা দেখুন। তিনি চন্দ্র দেখুন।

২। শুদ্ধ করিয়া লিখ :—

অহং চন্দ্রং পশ্যতি। শিশুঃ চন্দ্রং পশ্যামি। বালা ক্রীড়নকং দ্রক্ষ্যসি। অয়ং শিশুঃ পুস্তকম্ অপশ্যন্। সা প্রাতঃ স্বং পিতরম্ অপশ্যম্। অহম্ ইদং দদৃশিব।

## দ্বিকর্ম্মক দা ধাতু—দান, দেওয়া

### উভয়পদী

### পরস্মৈপদ

বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | দদাতি | দদাসি | দদামি |
| দ্বিবচন | দত্তঃ | দত্থঃ | দদ্বঃ |
| বহুবচন | দদতি | দত্থ | দদ্মঃ |

অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দদাতু | দেহি | দদানি |
| দ্বিবচন | দত্তাম্ | দত্তম্ | দদাব |
| বহুবচন | দদতু | দত্ত | দদাম |

অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অদদাৎ | অদদাঃ | অদদাম্ |
| দ্বিবচন | অদত্তাম্ | অদত্তম্ | অদদ্ব |
| বহুবচন | অদদুঃ | অদত্ত | অদদ্ম |

### বিধি অর্থে বিধিলিঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | দদ্যাৎ | দদ্যাঃ | দদ্যাম্ |
| দ্বিবচন | দদ্যাতাম্ | দদ্যাতম্ | দদ্যাব |
| বহুবচন | দদ্যুঃ | দদ্যাত | দদ্যাম |

### অতীত কাল—লিট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দদৌ | দদিথ, দদাথ | দদৌ |
| দ্বিবচন | দদতুঃ | দদথুঃ | দদিব |
| বহুবচন | দদুঃ | দদ | দদিম |

### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দাস্যতি | দাস্যসি | দাস্যামি |
| দ্বিবচন | দাস্যতঃ | দাস্যথঃ | দাস্যাবা |
| বহুবচন | দাস্যন্তি | দাস্যথ | দাস্যামঃ |

## আত্মনেপদ

### বর্ত্তমান কাল—লট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দত্তে | দৎসে | দদে |
| দ্বিবচন | দদাতে | দদাথে | দদ্বহে |
| বহুবচন | দদতে | দদ্ধে | দদ্মহে |

### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দত্তাম্ | দৎস্ব | দদৈ |
| দ্বিবচন | দদাতাম্ | দদাথাম্ | দদাবহৈ |
| বহুবচন | দদতাম্ | দদ্ধম্ | দদামহৈ |

### অতীত কাল—লঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | অদত্ত | অদথাঃ | অদদি |
| দ্বিবচন | অদদাতাম্ | অদদাথাম্ | অদদ্বহি |
| বহুবচন | অদদত | অদদ্ধম্ | অদদ্মহি |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দদীত | দদীথাঃ | দদীয় |
| দ্বিবচন | দদীয়াতাম্ | দদীয়াথাম্ | দদীবহি |
| বহুবচন | দদীরন্ | দদীধ্বম্ | দদীমহি |

### ভবিষ্যৎ কাল—ল়ৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | দাস্যতে | দাস্যাসে | দাস্যে |
| দ্বিবচন | দাস্যেতে | দাস্যেথে | দাস্যাবহে |
| বহুবচন | দাস্যন্তে | দাস্যধ্বে | দাস্যামহে |

### অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে দান করিতেছে। তুমি দান করিবে। আমি ধন দান করিয়াছি। তাহারা অর্থ দান করিয়াছে। আমরা খাদ্য দান করিব। তুমি বস্ত্র দান কর। সে অন্ন দান করুক। আমরা জল দান করি (অনুজ্ঞা)।

২। নিজ মাতৃভাষায় অনুবাদ কর :—

স দদৌ। অহং দদামি। ইয়ং দাস্যতি। আবাং দাস্যাবঃ। বয়ং দাস্যামঃ। ভবান্ দদাতু। ত্বং দেহি। মাতরহং দরিদ্রায় ধনং দদানি ? দেহী ত্বং দরিদ্রায় ধনম্।

## সকর্ম্মক গ্রহ্ ধাতু—গ্রহণ, লওয়া

### উভয়পদী

### পরস্মৈপদ

#### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | গৃহ্লাতি | গৃহ্লাসি | গৃহ্লামি |
| দ্বিবচন | গৃহ্লীতঃ | গৃহ্লীথঃ | গৃহ্লীবঃ |
| বহুবচন | গৃহ্লন্তি | গৃহ্লীথ | গৃহ্লীমঃ |

#### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গৃহ্লাতু | গৃহাণ | গৃহ্লানি |
| দ্বিবচন | গৃহ্লীতাম্ | গৃহ্লীতম্ | গৃহ্লাব |
| বহুবচন | গৃহ্লন্তু | গৃহ্লীত | গৃহ্লাম |

#### অতীত কাল

| | | | |
|---|---|---|---|
| একবচন | অগৃহ্লাৎ | অগৃহ্লাঃ | অগৃহ্লাম্ |
| দ্বিবচন | অগৃহ্লীতাম্ | অগৃহ্লীতম্ | অগৃহ্লীব |
| বহুবচন | অগৃহ্লন্ | অগৃহ্লীত | অগৃহ্লীম |

#### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচব | গৃহ্লীয়াৎ | গৃহ্লীয়াঃ | গৃহ্লীয়াম্ |
| দ্বিবচন | গৃহ্লীয়াতাম্ | গৃহ্লীয়াতম্ | গৃহ্লীয়াব |
| বহুবচন | গৃহ্লীয়ুঃ | গৃহ্লীয়াত | গৃহ্লীয়াম |

### ভবিষ্যৎ কাল

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | গ্রহীষ্যতি | গ্রহীষ্যসি | গ্রহীষ্যামি |
| দ্বিবচন | গ্রহীষ্যতঃ | গ্রহীষ্যথঃ | গ্রহীষ্যাবঃ |
| বহুবচন | গ্রহীষ্যন্তি | গ্রহীষ্যথ | গ্রহীষ্যামঃ |

## আত্মনেপদ

### বর্ত্তমান কাল—লট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গৃহ্নীতে | গৃহ্নীষে | গৃহ্নে |
| দ্বিবচন | গৃহ্নাতে | গৃহ্নাথে | গৃহ্নীবহে |
| বহুবচন | গৃহ্নতে | গৃহ্নীধ্বে | গৃহ্নীমহে |

### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গৃহ্নীতাম্ | গৃহ্নীষ্ব | গৃহ্নৈ |
| দ্বিবচন | গৃহ্নাতাম্ | গৃহ্নাথাম্ | গৃহ্নাবহৈ |
| বহুবচন | গৃহ্নতাম্ | গৃহ্নীধ্বম্ | গৃহ্নামহৈ |

### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অগৃহ্নীত | অগৃহ্নীথাঃ | অগৃহ্নি |
| দ্বিবচন | অগৃহ্নাতাম্ | অগৃহ্নাথাম্ | অগৃহ্নীবহি |
| বহুবচন | অগৃহ্নত | অগৃহ্নীধ্বম্ | অগৃহ্নীমহি |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | গৃহ্নীত | গৃহ্নীথাঃ | গৃহ্নীয় |
| দ্বিবচন | গৃহ্নীয়াতাম্ | গৃহ্নীয়াথাম্ | গৃহ্নীমহি |
| বহুবচন | গৃহ্নীরন্ | গৃহ্নীধ্বম্ | গৃহ্নীমহি |

ভবিষ্যৎ কাল—লৃট

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | গ্রহীষ্যতে | গ্রহীষ্যসে | গ্রহীষ্যে |
| দ্বিবচন | গ্রহীষ্যেতে | গ্রহীষ্যেথে | গ্রহীষ্যাবহে |
| বহুবচন | গ্রহীষ্যন্তে | গ্রহীষ্যধ্বে | গ্রহীষ্যামহে |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে এই পুস্তক গ্রহণ করিতেছে। আমি বেতন ( বর্ত্তনম্, বৃত্তিম্ ) গ্রহণ করিব। ইনি বস্ত্র ( বস্ত্রম্ ) গ্রহণ করিবেন না। আমরা অর্থ ( ধনম্ ) গ্রহণ করিব না। তাহারা খাদ্য গ্রহণ করিয়াছিল। আমরা একটি পশু (পশুমেকম্) গ্রহণ করিব।

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

ভবান্ গৃহ্ণাতু। ত্বং গৃহাণ। অহং গৃহ্ণামি। রামো গ্রহীষ্যতি। যূয়ম্ ইদং পুস্তকং জগৃহ। বয়ং রামাৎ ইদং জগৃহিম।

### দ্বিকর্ম্মক **প্রচ্ছ্ ধাতু**—জিজ্ঞাসা করা

বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পৃচ্ছতি | পৃচ্ছসি | পৃচ্ছামি |
| দ্বিবচন | পৃচ্ছতঃ | পৃচ্ছথঃ | পৃচ্ছাবঃ |
| বহুবচন | পৃচ্ছন্তি | পৃচ্ছথ | পৃচ্ছামঃ |

অনুজ্ঞা—লোট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পৃচ্ছতু | পৃচ্ছ | পৃচ্ছানি |
| দ্বিবচন | পৃচ্ছতাম্ | পৃচ্ছতম্ | পৃচ্ছাব |
| বহুবচন | পৃচ্ছন্তু | পৃচ্ছত | পৃচ্ছাব |

অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অপৃচ্ছৎ | অপৃচ্ছঃ | অপৃচ্ছম্ |
| দ্বিবচন | অপৃচ্ছতাম্ | অপৃচ্ছতম্ | অপৃচ্ছাব |
| বহুবচন | অপৃচ্ছন্ | অপৃচ্ছত | অপৃচ্ছাম |

বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | পৃচ্ছেৎ | পৃচ্ছেঃ | পৃচ্ছেয়ম্ |
| দ্বিবচন | পৃচ্ছেতাম | পৃচ্ছেতম্ | পৃচ্ছেব |
| বহুবচন | পৃচ্ছেয়ুঃ | পৃচ্ছেত | পৃচ্ছেম |

ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রক্ষ্যতি | প্রক্ষ্যসি | প্রক্ষ্যামি |
| দ্বিবচন | প্রক্ষ্যতঃ | প্রক্ষ্যথঃ | প্রক্ষ্যাবঃ |
| বহুবচন | প্রক্ষ্যন্তি | প্রক্ষ্যথ | প্রক্ষ্যামঃ |

**অনুশীলনী**

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে জিজ্ঞাসা করিতেছে। আপনি জিজ্ঞাসা করিয়াছিলেন। তিনি জিজ্ঞাসা করিলেন। তাহারা জিজ্ঞাসা করিবে। আমরা জিজ্ঞাসা করি। তোমরা জিজ্ঞাসা করিয়াছিলে। রাম শ্যামকে ইহা জিজ্ঞাসা করিল। শিষ্য গুরুকে জিজ্ঞাসা করিতেছে। তুমি কাহাকে জিজ্ঞাসা করিতেছ।

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

স তাং পৃচ্ছতি। শিষ্যো গুরুং পৃচ্ছতি। পুত্রঃ মাতরং পপ্রচ্ছ। অহং ত্বাং পৃচ্ছামি। বয়ং গুরুং প্রক্ষ্যামঃ। তৌ রামং প্রক্ষতঃ। যদুঃ মাং পৃচ্ছতি।

## দ্বিকর্ম্মক ব্রূ ধাতু—কথন, বলা—বক্তুম্

### উভয়পদী

### পরস্মৈপদ

#### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ব্রবীতি, আহ | ব্রবীষি, আত্থ | ব্রবীমি |
| দ্বিবচন | ব্রূতঃ, আহতুঃ | ব্রূথঃ, আহথুঃ | ব্রূবঃ |
| বহুবচন | ব্রুবন্তি, আহুঃ | ব্রূথ | ব্রূমঃ |

#### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ব্রবীতু | ব্রূহি | ব্রবাণি |
| দ্বিবচন | ব্রূতাম্ | ব্রূতম্ | ব্রবাব |
| বহুবচন | ব্রুবন্তু | ব্রূত | ব্রবাম |

#### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অব্রবীৎ | অব্রবীঃ | অব্রবম্ |
| দ্বিবচন | অব্রূতাম্ | অব্রূতম্ | অব্রূব |
| বহুবচন | অব্রুবন্ | অব্রূত | অব্রূম |

বিধি অর্থে—বিধিলিঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ব্রূয়াৎ | ব্রূয়াঃ | ব্রূয়াম্ |
| দ্বিবচন | ব্রূয়াতাম্ | ব্রূয়াতম্ | ব্রূয়াব |
| বহুবচন | ব্রূয়ুঃ | ব্রূয়াত | ব্রূয়াম |

ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | বক্ষ্যতি | বক্ষ্যসি | বক্ষ্যামি |
| দ্বিবচন | বক্ষ্যতঃ | বক্ষ্যথঃ | বক্ষ্যাবঃ |
| বহুবচন | বক্ষ্যন্তি | বক্ষ্যথ | বক্ষ্যামঃ |

**আত্মনেপদ**

বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ব্রূতে | ব্রূষে | ব্রুবে |
| দ্বিবচন | ব্রুবাতে | ব্রুবাথে | ব্রূবহে |
| বহুবচন | ব্রুবতে | ব্রূধ্বে | ব্রূমহে |

অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ব্রূতাম্ | ব্রূষ্ব | ব্রবৈ |
| দ্বিবচন | ব্রুবাতাম্ | ব্রুবাথাম্ | ব্রবাবহৈ |
| বহুবচন | ব্রুবতাম্ | ব্রূধ্বম্ | ব্রবামহৈ |

অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অব্রূত | অব্রূথাঃ | অব্রুবি |
| দ্বিবচন | অব্রুবাতাম্ | অব্রুবাথাম্ | অব্রূবহি |
| বহুবচন | অব্রুবত | অব্রূধ্বম্ | অব্রূমহি |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ব্রুবীত | ব্রুবীথাঃ | ব্রুবীয় |
| দ্বিবচন | ব্রুবীয়াতাম্ | ব্রুবীয়াথাম্ | ব্রুবীবহি |
| বহুবচন | ব্রুবীরন্ | ব্রুবীধ্বম্ | ব্রুবীমহি |

### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | বক্ষ্যতে | বক্ষ্যসে | বক্ষ্যে |
| দ্বিবচন | বক্ষ্যেতে | বক্ষ্যেথে | বক্ষ্যাবহে |
| বহুবচন | বক্ষ্যন্তে | বক্ষ্যধ্বে | বক্ষ্যামহে |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে সত্য কথা বলে। তিনি সদা সত্য কথা বলিয়া থাকেন। তাহারা দুই জনেই ( ই—এব ) সত্য কথা বলিয়াছিল। তাহারা সকলেই সত্য কথা বলিয়াছিল। তোমরা মিথ্যা বলিতেছ। আমরা কখনও ( কদাপি ) মিথ্যা বলি নাই। আপনারা দুইজনে মিথ্যা বলিয়াছিলেন।

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

স সত্যং বদতি। বয়ং কদাপি মিথ্যা ন উচিম। ভবান্ সত্যং ব্রবীতু। ত্বং সত্যং ব্রূহি। ভবন্তৌ সত্যং ব্রুবাতাম্। তে কদাপি মিথ্যা ন বক্ষ্যন্তি। যুধিষ্ঠিরঃ সদা সত্যমুবাচ।



### সকর্ম্মক ভক্ষি ধাতু—ভক্ষণ, খাওয়া

ভক্ষয়িতুম্

### বর্ত্তমান কাল—লট

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়তি | ভক্ষয়সি | ভক্ষয়ামি |
| দ্বিবচন | ভক্ষয়তঃ | ভক্ষয়থঃ | ভক্ষয়াবঃ |
| বহুবচন | ভক্ষয়ন্তি | ভক্ষয়থ | ভক্ষয়ামঃ |

অনুজ্ঞা—লোট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়তু | ভক্ষয় | ভক্ষয়াণি |
| দ্বিবচন | ভক্ষয়তাম্ | ভক্ষয়তম্ | ভক্ষয়াব |
| বহুবচন | ভক্ষয়ন্তু | ভক্ষয়ত | ভক্ষয়াম |

অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অভক্ষয়ৎ | অভক্ষয়ঃ | অভক্ষয়ম্ |
| দ্বিবচন | অভক্ষয়তাম্ | অভক্ষয়তম | অভক্ষয়াব |
| বহুবচন | অভক্ষয়ন্ | অভক্ষয়ত | অভক্ষয়াম |

বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়েৎ | ভক্ষয়েঃ | ভক্ষয়েয়ম্ |
| দ্বিবচন | ভক্ষয়েতাম্ | ভক্ষয়েতম্ | ভক্ষয়েব |
| বহুবচন | ভক্ষয়েয়ুঃ | ভক্ষয়েত | ভক্ষয়েম |

ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়িষ্যতি | ভক্ষয়িষ্যসি | ভক্ষয়িষ্যামি |
| দ্বিবচন | ভক্ষয়িষ্যতঃ | ভক্ষয়িষ্যথঃ | ভক্ষয়িষ্যাবঃ |
| বহুবচন | ভক্ষয়িষ্যন্তি | ভক্ষয়িষ্যথ | ভক্ষয়িষ্যামঃ |

**অনুশীলনী**

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে চিপিটক খাইতেছে। আমি নারিকেল খাইতেছি। হরি আম খাইতেছে। তোমরা আজ কি খাইবে? আমরা আজ ফল খাইব। মা! আমি আজ ভাত খাইব।

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

অহম্ ওদনং ভক্ষয়ামি। স আম্রং ভক্ষয়তি। ভবান্ ফলং ভক্ষয়তু। গর্দভঃ শষ্পং ভক্ষয়তি। বালকঃ মোদকং ভক্ষয়তি। ত্বং চিপিটকং ভক্ষয়। অহং বিল্বফলং ভক্ষয়ামি।

## সকর্ম্মক পা ধাতু—পান করা

### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পিবতি | পিবসি | পিবামি |
| দ্বিবচন | পিবতঃ | পিবথঃ | পিবাবঃ |
| বহুবচন | পিবন্তি | পিবথ | পিবামঃ |

### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | পিবতু | পিব | পিবানি |
| দ্বিবচন | পিবতাম্ | পিবতম্ | পিবাব |
| বহুবচন | পিবন্তু | পিবত | পিবাম |

### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অপিবৎ | অপিবঃ | অপিবম্ |
| দ্বিবচন | অপিবতাম্ | অপিবতম্ | অপিবাব |
| বহুবচন | অপিবন্ | অপিবত | অপিবাম |

### বিধি অর্থে—বিধিলিঙ

| | | | |
|---|---|---|---|
| একবচন | পিবেৎ | পিবেঃ | পিবেয়ম্ |
| দ্বিবচন | পিবেতাম্ | পিবেতম্ | পিবেব |
| বহুবচন | পিবেয়ুঃ | পিবেত | পিবেম |

### ভবিষ্যৎ কাল—ল‍ৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | পাস্যতি | পাস্যসি | পাস্যামি |
| দ্বিবচন | পাস্যতঃ | পাস্যথঃ | পাস্যাবঃ |
| বহুবচন | পাস্যন্তি | পাস্যথ | পাস্যামঃ |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে জল পান করিতেছে। আমি দুগ্ধ পান করিব। তোমরা দুধ পান কর। আমরা দুইজনে জল পান করিয়াছি। তাহারা দুই জনে খেজুররস পান করিবে। আমরা দুধ পান করিব। আপনি এই দুধ পান করুন। তাহারা সকলেই দুধ পান করুক।

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

অহং দুগ্ধং পিবামি। অশ্বো জলং পিবতি।। বালকাঃ খর্জ্জুররসং পিবন্তি। তে সর্ব্বে জলং পিবন্তু। যূয়ং কিং পাস্যথ? বয়ং দুগ্ধং পাস্যামঃ। তে সর্ব্বে জলং পাস্যন্তি।

### সকর্ম্মক ইষ্ ধাতু—ইচ্ছা করা

#### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ইচ্ছতি | ইচ্ছসি | ইচ্ছামি |
| দ্বিবচন | ইচ্ছতঃ | ইচ্ছথঃ | ইচ্ছাবঃ |
| বহুবচন | ইচ্ছন্তি | ইচ্ছথ | ইচ্ছামঃ |

#### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ইচ্ছতু | ইচ্ছ | ইচ্ছানি |
| দ্বিবচন | ইচ্ছতাম্ | ইচ্ছতম্ | ইচ্ছাব |
| বহুবচন | ইচ্ছন্তু | ইচ্ছত | ইচ্ছাম |

#### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ঐচ্ছৎ | ঐচ্ছঃ | ঐচ্ছম্ |
| দ্বিবচন | ঐচ্ছতাম্ | ঐচ্ছতম্ | ঐচ্ছাব |
| বহুবচ | ঐচ্ছন্ | ঐচ্ছত | ঐচ্ছাম |

### বিধি অর্থে—বিধিলিঙ

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ইচ্ছেৎ | ইচ্ছেঃ | ইচ্ছেয়ম্ |
| দ্বিবচন | ইচ্ছেতাম্ | ইচ্ছেতম্ | ইচ্ছেব |
| বহুবচন | ইচ্ছেয়ুঃ | ইচ্ছেত | ইচ্ছেম |

### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | এষিষ্যতি | এষিষ্যসি | এষিষ্যামি |
| দ্বিবচন | এষিষ্যতঃ | এষিষ্যথঃ | এষিষ্যাবঃ |
| বহুবচন | এষিষ্যন্তি | এষিষ্যথ | এষিষ্যামঃ |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

তুমি কি ইচ্ছা করিতেছ ? তুমি কি রাজত্ব ইচ্ছা করিতেছ ? আমি এই পুস্তকখানি পাইতে ইচ্ছা করিতেছি। সে কি পাইতে ইচ্ছা করিতেছে ? তাহারা কি পাইতে ইচ্ছা করিতেছে ? তাহারা এই ফুলগুলি পাইতে ইচ্ছা করিতেছে।

২। শুদ্ধ করিয়া লিখ :—

যূয়ং কিমিচ্ছসি ? তে সর্ব্বে রাজ্যমিচ্ছসি কিম্ ? অহম্ ইদং পুস্তকং তুভ্যং দাতুমিচ্ছতি। সা কিমিয়েষিথ ? ইয়ং লেখনীমিমাং প্রাপ্তু- মৈচ্ছামঃ। তে কিং গ্রহীতুমৈচ্ছৎ ?

### সকর্ম্মক জ্ঞা ধাতু—জ্ঞান, জানা

#### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | জানাতি | জানাসি | জানামি |
| দ্বিবচন | জানীতঃ | জানীথঃ | জানীবঃ |
| বহুবচন | জানন্তি | জানীথ | জানীমঃ |

#### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | জানাতু | জানীহি | জানানি |
| দ্বিবচন | জানীতাম্ | জানীতম্ | জানাব |
| বহুবচন | জানন্তু | জানীত | জানাম |

#### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অজানাৎ | অজানাঃ | অজানাম্ |
| দ্বিবচন | অজানীতাম্ | অজানীতম্ | অজানীব |
| বহুবচন | অজানন্ | অজানীত | অজানীম |

#### বিধি অর্থে—বিধিলিঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | জানীয়াৎ | জানীয়াঃ | জানীয়াম্ |
| দ্বিবচন | জানীয়াতাম্ | জানীয়াতম্ | জানীয়াব |
| বহুবচন | জানীয়ুঃ | জানীয়াত | জানীয়াম |

#### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | জ্ঞাস্যতি | জ্ঞাস্যসি | জ্ঞাস্যামি |
| দ্বিবচন | জ্ঞাস্যতঃ | জ্ঞাস্যথঃ | জ্ঞাস্যাবঃ |
| বহুবচন | জ্ঞাস্যন্তি | জ্ঞাস্যথ | জ্ঞাস্যামঃ |

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে তোমাকে জানে। তোমরা তাহাকে জান। আমি হরিকে জানি। তাহারা আমাকে জানে। তুমি কি জান? আপনি ইহা জানিবেন। তাহারা দুই জনে ইহা জানিয়াছিল। তোমরা ইহা জানিবে। আমার স্বর্গীয় পিতা তাহাকে জানিতেন।

২। শুদ্ধ করিয়া লিখ :—

স মাং জানামি। ত্বঞ্চ মঞ্চ ন জানীবঃ? যাদব মাধবশ্চ যুবাং ন অজানীব। তে সর্ব্বে মাং ন জানাসি। ভবানীদং জ্ঞাস্যন্তি। তৌ মাং ন অজানীব।

### সকর্ম্মক প্রপূর্ব্বক আপ্ ধাতু——প্রাপ্তি, পাওয়া

#### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুর |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্নোতি | প্রাপ্নোষি | প্রাপ্নোমি |
| দ্বিবচন | প্রাপ্নুতঃ | প্রাপ্নুথঃ | প্রাপ্নুবঃ |
| বহুবচন | প্রাপ্নুবন্তি | প্রাপ্নুথ | প্রাপ্নুমঃ |

#### অনুজ্ঞা—লোট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্নোতু | প্রাপ্নুহি | প্রাপ্নবানি |
| দ্বিবচন | প্রাপ্নুতাম্ | প্রাপ্নুতম্ | প্রাপ্নবাব |
| বহুবচন | প্রাপ্নুবন্তু | প্রাপ্নুত | প্রাপ্নবাম |

অতীত কাল—লঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্নোৎ | প্রাপ্নোঃ | প্রাপ্নবম্ |
| দ্বিবচন | প্রাপ্নুতাম্ | প্রাপ্নুতম্ | প্রাপ্নুব |
| বহুবচন | প্রাপ্নুবন্ | প্রাপ্নুত | প্রাপ্নুম |

বিধি অর্থে - বিধিলিঙ

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্নুয়াৎ | প্রাপ্নুয়াঃ | প্রাপ্নুয়াম্ |
| দ্বিবচন | প্রাপ্নুয়াতাম্ | প্রাপ্নুয়াতম্ | প্রাপ্নুয়াব |
| বহুবচন | প্রাপ্নুয়ুঃ | প্রাপ্নুয়াত | প্রাপ্নুয়াম |

অতীত কাল—লিট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ | প্রাপিথ | প্রাপ |
| দ্বিবচন | প্রাপতুঃ | প্রাপথুঃ | প্রাপিব |
| বহুবচন | প্রাপুঃ | প্রাপ | প্রাপিম |

ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্স্যতি | প্রাপ্স্যসি | প্রাপ্স্যামি |
| দ্বিবচন | প্রাপ্স্যতঃ | প্রাপ্স্যথঃ | প্রাপ্স্যাবঃ |
| বহুবচন | প্রাপ্স্যন্তি | প্রাপ্স্যথ | প্রাপ্স্যামঃ |

**অনুশীলনী**

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সে এই পুস্তকখানি পাইয়াছে। আমি ছুরিখানি পাইয়াছি। তাহারা অনেক আম পাইয়া থাকে। তুমি একটি কলম পাইবে। তুমি পক্ব ফলটি কোথায় পাইলে ?

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

স কিং প্রাপ্নোৎ ? অহম্ ইমানি ফলানি প্রাপ্নবম্। যাদবঃ ইমাং লেখনীং কুত্র প্রাপ ? স তত্র কিং প্রাপ্স্যতি ? অহং তত্র বহূনি দ্রব্যাণি প্রাপ্স্যামি।

৩। শুদ্ধ করিয়া লিখ :—

সা কিং প্রাপ্নোমি ? অহং উদ্যানে ইমানি ফলানি প্রাপ্নোৎ। যুবাং বহূনি ফলানি প্রাপতুঃ। মাধবঃ ইমাং লেখনীং কুত্র প্রাপ্নবম্ ? যূয়ং কিং প্রাপ্স্যন্তি ? তে পুস্তকানি প্রাপ।

## সকর্ম্মক ত্যজ্ ধাতু—ত্যাগ করা

### বর্ত্তমান কাল—লট্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ত্যজতি | ত্যজসি | ত্যজামি |
| দ্বিবচন | ত্যজতঃ | ত্যজথ | ত্যজাবঃ |
| বহুবচন | ত্যজন্তি | ত্যজথ | ত্যজামঃ |

### অনুজ্ঞা—লোট

| | | | |
|---|---|---|---|
| একবচন | ত্যজতু | ত্যজ | ত্যজানি |
| দ্বিবচন | ত্যজতাম্ | ত্যজতম্ | ত্যজাব |
| বহুবচন | ত্যজন্তু | ত্যজত | ত্যজাম |

### অতীত কাল—লঙ্

| | | | |
|---|---|---|---|
| একবচন | অত্যজৎ | অত্যজঃ | অত্যজম্ |
| দ্বিবচন | অত্যজতাম্ | অত্যজতম্ | অত্যজাব |
| বহুবচন | অত্যজন্ | অত্যজত | অত্যজাম |

### বিধি অর্থে—বিধিলিঙ্

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ত্যজেৎ | ত্যজেঃ | ত্যজেয়ম্ |
| দ্বিবচন | ত্যজতাম্ | ত্যজতম্ | ত্যজেব |
| বহুবচন | ত্যজেয়ুঃ | ত্যজেত | ত্যজেম |

### ভবিষ্যৎ কাল—লৃট্

| | | | |
|---|---|---|---|
| একবচন | ত্যক্ষ্যতি | ত্যক্ষ্যসি | ত্যক্ষ্যামি |
| দ্বিবচন | ত্যক্ষ্যতঃ | ত্যক্ষ্যথঃ | ত্যক্ষ্যাবঃ |
| বহুবচন | ত্যক্ষ্যন্তি | ত্যক্ষ্যথ | ত্যক্ষ্যামঃ |

### অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

আমি ইহা ত্যাগ করিয়াছি। সে তাহা ত্যাগ করিবে। যাদব পাপকার্য্য ( পাপম্ ) ত্যাগ করে না। সে তাহা ত্যাগ করুক। তোমরা ইহা ত্যাগ কর। কুসংসর্গ ত্যাগ কর। রাম পাপকার্য্য ত্যাগ করিয়াছিল।

২। মাতৃভাষায় অনুবাদ কর :—

ত্যজ দুর্জ্জনসংসর্গম্। পিতা পুত্রম্ অত্যজৎ। তৌ পাপং ত্যজতাম্। অহম্ ইদং ন ত্যক্ষ্যামি। সর্ব্বে মিথ্যাবাদিনঃ সংসর্গং ত্যজেয়ুঃ। বিপদি বন্ধুং ন ত্যজেৎ। পক্ষিণঃ প্রাতঃ কুলায়ান্ ত্যজন্তি।

# কর্ত্তৃবাচ্য

১২২। কর্ত্তৃবাচ্যের বাক্যে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—কুম্ভকারঃ ঘটং করোতি—কুম্ভকার ঘট গড়িতেছে; শিশুঃ গ্রন্থং পঠতি—শিশু পুস্তক পড়িতেছে।

১২৩। কর্ত্তৃবাচ্যে কর্ত্তায় যে বচন ও যে পুরুষ হয়, ক্রিয়াতেও সেই বচন ও সেই পুরুষ হয় অর্থাৎ কর্ত্তা একবচনের হইলে, ক্রিয়াতে একবচন; কর্ত্তা দ্বিবচনের হইলে, ক্রিয়াতে দ্বিবচন; কর্ত্তা বহুবচনের হইলে, ক্রিয়াতে বহুবচন হয়। পুরুষও তদ্রূপ। যথা—কুম্ভকারঃ ঘটং করোতি, কুম্ভকারৌ ঘটং কুরুতঃ, কুম্ভকারাঃ ঘটং কুর্ব্বন্তি; শিশুঃ গ্রন্থং পঠতি, শিশূ গ্রন্থং পঠতঃ, শিশবঃ গ্রন্থং পঠন্তি।

### অনুশীলনী

১। কর্ত্তৃবাচ্যের বাক্যে কর্ত্তৃপদে ও কর্ম্মপদে যে যে বিভক্তি হইয়া থাকে, উদাহরণ দিয়া দেখাইয়া দাও।

২। কর্ত্তৃবাচ্যের বাক্যে কর্ত্তৃপদের পুরুষ ও বচন অনুসারে ক্রিয়ার যে পুরুষ ও বচন হইয়া থাকে, উদাহরণ দিয়া দেখাইয়া দাও।

# কর্ম্মবাচ্য

১২৪। কর্ম্মবাচ্যের বাক্যে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি ও কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়। যথা—কুম্ভকারেণ ঘটঃ ক্রিয়তে —কুম্ভকার ঘট গড়িতেছে। শিশুনা গ্রন্থঃ পঠ্যতে—শিশু পুস্তক পড়িতেছে।

১২৫। কর্ত্তৃবাচ্যের বাক্যে যেমন কর্ত্তৃপদের বচন অনুসারে ক্রিয়ার বচন হয়, কর্ম্মবাচ্য প্রয়োগে সেরূপ নহে। কর্ম্মবাচ্যের বাক্যে কর্ম্মের যে বচন ও পুরুষ, ক্রিয়ারও সেই বচন ও সেই পুরুষ হয় অর্থাৎ কর্ম্ম একবচনের হইলে ক্রিয়ার একবচন; কর্ম্ম দ্বিবচনের হইলে ক্রিয়ার দ্বিবচন; কর্ম্ম বহুবচনের হইলে, ক্রিয়ার বহুবচন হয়। পুরুষও তদ্রূপ। যথা—কুম্ভকারেণ ঘটঃ ক্রিয়তে, কুম্ভকারেণ ঘটৌ ক্রিয়েতে, কুম্ভকারেণ ঘটাঃ ক্রিয়ন্তে; শিশুনা গ্রন্থঃ পঠ্যতে, শিশুনা গ্রন্থৌ পঠ্যতে, শিশুনা গ্রন্থাঃ পঠ্যন্তে।

### অনুশীলনী

১। কর্ম্মবাচ্যের বাক্যে কর্ত্তৃ ও কর্ম্মপদে যে যে বিভক্তি হইয়া থাকে, কতকগুলি উদাহরণ দিয়া তাহা দেখাও।

২। কর্ম্মবাচ্যের বাক্যে কর্ম্মের বচন ও পুরুষ অনুসারে ক্রিয়ার যে বচন ও পুরুষ হইয়া থাকে, কতিপয় উদাহরণ দিয়া তাহা দেখাইয়া দাও।

# ভাববাচ্য

১২৬। ভাববাচ্যের বাক্যে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয় কিন্তু ভাববাচ্যে ক্রিয়ার কর্ম্মপদ থাকে না। ভাববাচ্যের ক্রিয়া সর্ব্বদাই প্রথম পুরুষের একবচনান্ত হয়। যথা—ময়া স্থীয়তে—আমি আছি; আবাভ্যাং স্থীয়তে—আমরা দুই জন আছি; অস্মাভিঃ স্থীয়তে—আমরা বহুজন আছি।

## অনুশীলনী

১। ভাববাচ্যের বাক্যে সকর্ম্মক ক্রিয়া ব্যবহৃত হয় না কেন, বুঝাইয়া দাও।

২। বাচ্য পরিবর্ত্তন কর :—

কুম্ভকারেণ ঘটাঃ ক্রিয়ন্তে। বালকঃ চন্দ্রং পশ্যতি। স গ্রামং গচ্ছতি। অহমিদং করোমি। চোরঃ বস্ত্রাণি অপহরতি। কুম্ভকারাঃ ঘটান্ কুর্ব্বন্তি। দেবদত্তঃ আলয়ং গচ্ছতি।

| কর্ত্তৃবাচ্যের ক্রিয়া | কর্ম্মবাচ্যের ক্রিয়া |
|---|---|
| একবচন পশ্যতি | একবচন দৃশ্যতে |
| „ গচ্ছতি | „ গম্যতে |
| „ করোতি | „ ক্রিয়তে |
| „ হরতি | „ হ্রিয়তে |
| বহুবচন—কুর্ব্বন্তি | বহুবচন—ক্রিয়ন্তে |

## কৃদন্ত

১২৭। ধাতুর উত্তর তুম, ত্বা প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয়। সেই সকল প্রত্যয়কে কৃত বলে। কৃৎপ্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের কতকগুলি প্রায় ক্রিয়ার মত অর্থ প্রকাশ করে। কৃৎপ্রত্যয় নানাপ্রকার; তন্মধ্যে কতকগুলি বিষয় স্থূলরূপে লিখিত হইতেছে।

### তুম্

১২৮। নিমিত্ত অর্থে ধাতুর উত্তর তুম্ প্রত্যয় হয়। যথা— দা+তুম্=দাতুম্; দিবার নিমিত্ত। স্থা+তুম্=স্থাতুম্ থাকিবার নিমিত্ত। পা+তুম্=পাতুম্; পান করিবার নিমিত্ত। হন্+তুম্=হন্তুম; বধ করিবার নিমিত্ত। গম্+তুম্=গন্তুম্; যাইবার নিমিত্ত। গ্রহ্+তুম্=গ্রহীতুম্; গ্রহণ করিবার নিমিত্ত। কৃ+তুম্=কর্ত্তুম্; করিবার নিমিত্ত। বচ্+তুম্ =বক্তুম্; বলিবার নিমিত্ত। জি+তুম্=জেতুম্; জয় করিবার নিমিত্ত। দৃশ্+তুম্=দ্রষ্টুম্; দেখিবার নিমিত্ত। চিন্তি+তুম্=চিন্তয়িতুম্: চিন্তা করিবার নিমিত্ত। ভুজ্+তুম্ =ভোক্তুম্; খাইবার নিমিত্ত ইত্যাদি।

### ক্ত্বা ও যপ

১২৯। অনন্তর অর্থে ধাতুর উত্তর ক্ত্বা প্রত্যয় হয়। যথা— কৃ+ক্ত্বা=কৃত্বা; করিয়া, করণানন্তর। জি+ক্ত্বা=জিত্বা; জয় করিয়া, জয়ানন্তর। গম্+ক্ত্বা=গত্বা; যাইয়া, গমনানন্তর।

ভুজ্ + ক্ত্বা = ভুক্ত্বা ; খাইয়া, ভোজনানন্তর। দৃশ্ + ক্ত্বা = দৃষ্ট্বা, দেখিয়া, দর্শনানন্তর। দা + ক্ত্বা = দত্ত্বা ; দিয়া, দানানন্তর। পা + ক্ত্বা = পীত্বা ; পান করিয়া, পানানন্তর। চিন্তি + ক্ত্বা = চিন্তয়িত্বা ; চিন্তা করিয়া, চিন্তনানন্তর। বচ্ + ক্ত্বা = উক্ত্বা ; বলিয়া, কথনানন্তর। গ্রহ্ + ক্ত্বা = গৃহীত্বা ; লইয়া, গ্রহণানন্তর ইত্যাদি।

১৩০। যদি ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকে, তবে অনন্তর অর্থে ধাতুর উত্তর যপ্ প্রত্যয় হয়। যথা—আ—দা + যপ্ = আদায় ; গ্রহণ করিয়া, গ্রহণানন্তর। আ—গম্ + যপ্ = আগম্য, আগত্য ; আসিয়া, আগমনানন্তর। আ—হন + যপ = আহত্য ; আঘাত করিয়া, আঘাতানন্তর। বি—জি + যপ্ = বিজিত্য ; জয় করিয়া, জয়ানন্তর। সং—স্মৃ + যপ্ = সংস্মৃত্য ; স্মরণ করিয়া, স্মরণানন্তর। প্র—নম্ + যপ্ = প্রণম্য, প্রণত্য ; প্রণাম করিয়া, প্রণামানন্তর।

১৩১। তুম্, ক্ত্বা, যপ্ প্রত্যয় করিয়া, যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা অব্যয়। প্রয়োগ কালে, এই সকল শব্দে প্রথমা বিভক্তির একবচন হয়।

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :

চন্দ্র দর্শন করিয়া শিশু হাসিতেছে। বেতন লইয়া সে গৃহে ফিরিল। মাতাকে প্রণাম করিয়া তোমরা বিদ্যালয়ে যাও। সে অশ্বে আরোহণ করিয়া নগরে গমন করিল। পুষ্প চয়ন করিবার জন্য উদ্যানে যাও। শিষ্যের বাক্য শুনিয়া গুরু সন্তুষ্ট হইলেন। বহু পক্ষী বধ করিয়া ব্যাধ বাড়ী আসিল। এইরূপ চিন্তা করিয়া সে বলিল।

২। কারণ উল্লেখ করিয়া শুদ্ধ কর ঃ—

পিতরন্ নম্য স নগরম্ গচ্ছতি। স গুরুং প্রণত্বা পঠতি। নৃপঃ যুদ্ধং বিজিত্বা আগচ্ছতি। বন্ধুং দৃশ্য স আহ্লাদিতো ভবতি। বিহগং হনিতুম্ বনং গচ্ছতি। এবং চিন্তিত্বা স বদতি।

## তব্য, অনীয়, য

১৩২। ভবিষ্যৎ কালে ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে তব্য, অনীয়, য—এই তিনটি প্রত্যয় হয়। এই তিনটি প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় হয়।

১৩৩। তব্য, অনীয়, য কোনও কোনও স্থলে ধাতুর সহিত কেবল যুক্ত হয়; কোন কোনও স্থলে ধাতুর আকারের কিছু পরিবর্ত্তন হয়। যথা—দা + তব্য = দাতব্যম্; অনীয়—দানীয়ম; য—দেয়ম্। জি—জেতব্যম্, জয়নীয়ম্, জেয়ম্। শী—শয়িতব্যম, শয়নীয়ম্, শেয়ম্। শ্রু—শ্রোতব্যম, শ্রবণীয়ম্ শ্রব্যম্। ভূ—ভবিতব্যম, ভবনীয়ম, ভব্যম্। কৃ—কর্ত্তব্যম্, করণীয়ম্, কার্য্যম্। গ্রহ্—গ্রহীতব্যম্, গ্রহণীয়ম্, গ্রাহ্যম্। গম্—গন্তব্যম্, গমনীয়ম্, গম্যম্। দৃশ্—দ্রষ্টব্যম্, দর্শনীয়ম্, দৃশ্যম্। বচ্—বক্তব্যম্, বচনীয়ম্, বাচ্যম। ভুজ্—ভোক্তব্যম্, ভোজনীয়ম্, ভোজ্যম্। চিন্তি—চিন্তয়িতব্যম্, চিন্তনীয়ম্, চিন্ত্যম্।

১৩৪। কর্ম্মবাচ্যে তব্য, অনীয়, য প্রত্যয় করিলে যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা কর্ম্মের বিশেষণস্বরূপ। এই নিমিত্ত কর্ম্মপদের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন হয়, ঐ সকল পদেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইয়া থাকে। যথা—পঠ্ + অনীয় = পঠনীয়ঃ, ময়া গ্রন্থঃ পঠনীয়ঃ—আমি গ্রন্থ

পাঠ করিব। ময়া পত্রিকা পঠনীয়া। ময়া পুস্তকং পঠনীয়ম্। পঠনীয়ং গ্রন্থম, পঠনীয়েন গ্রন্থেন, পঠনীয়ায় গ্রন্থায়, পঠনীয়াৎ গ্রন্থাৎ, পঠনীয়স্য গ্রন্থস্য, পঠনীয়ে গ্রন্থে, পঠনীয়য়োঃ গ্রন্থয়োঃ, পঠনীয়েষু গ্রন্থেষু।

১৩৫। ভাববাচ্যে তব্য, অনীয়, য করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার একবচনের ন্যায় হয়। যথা—স্থা+তব্য. ময়া স্থাতব্যম্—আমি থাকিব। ক্রীড়্+তব্য, ত্বয়া ক্রীড়িতব্যম্—তুমি ক্রীড়া করিবে। লজ্জ্+তব্য, তেন লজ্জিতব্যম্—সে লজ্জা পাইবে।

## অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর।

তোমরা অন্য বাড়ীতে থাকিবে। তাহারা বেদ পাঠ করিবে। আমার যাওয়া উচিত। তুমি এখানে খাইবে। তাহার ইহা বলা উচিত। শিশুরা এখানে খেলা করিবে। সকলের সত্য কথা বলা উচিত। আমি পশুশালা দেখিব। আমার পিতা রাত্রে রামায়ণ শুনিবেন।

### ক্তবৎ

১৩৬। অতীত কালে ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ক্তবৎ প্রত্যয় হয়। ক্তবৎ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা কর্ত্তার বিশেষণ। এই নিমিত্ত কর্ত্তায় যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন হয়, ঐ সকল শব্দেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইয়া থাকে। ঐ সকল শব্দের রূপ পুংলিঙ্গে ও ক্লীবলিঙ্গে শ্রীমৎ শব্দের ন্যায় এবং স্ত্রীলিঙ্গে নদী শব্দের ন্যায় হয়। যথা—জি+ক্তবৎ=জিতবৎ, পুং—জিতাবান্, জিতবন্তৌ, জিতবন্তঃ; ক্লীং—জিতবৎ, জিতবতী, জিতবন্তি; স্ত্রীং—জিতবতী, জিতবত্যৌ, জিতবত্যঃ। রামো রাবণং জিতবান্—রাম রাবণকে জয় করিয়াছিলেন। শ্রু+ক্তবৎ, পুং—শ্রুতবান্,

অহং শাস্ত্রং শ্রুতবান্—আমি শাস্ত্র শুনিয়াছি। কৃ+তবৎ, পুং—কৃতবান্; স কিং কৃতবান—তিনি কি করিয়াছেন? এইরূপ স্থা—স্থিতবান্; দা—দত্তবান্; গম্—গতবান্; হন্—হতবান; গ্রহ্—গৃহীতবান্; দৃশ্—দৃষ্টবান্; জ্ঞা—জ্ঞাতবান্; বচ্—উক্তবান্; ভুজ্—ভুক্তবান্; চিন্তি—চিন্তিতবান্।

### ত

১৩৭। অতীত কালে ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ত প্রত্যয় হয়। যথা—জি+ত=জিতঃ; কৃ+ত=কৃতঃ; গ্রহ্+ত=গৃহীতঃ; দা+ত=দত্তঃ; দৃশ্+ত=দৃষ্টঃ; জ্ঞা+ত=জ্ঞাতঃ; শ্রু+ত=শ্রুতঃ, বচ্+ত=উক্তঃ।

১৩৭। কর্ম্মবাচ্যে 'ত' প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ম্মের বিশেষণ। এই নিমিত্ত কর্ম্মের যে লিঙ্গাদি, ঐ শব্দেরও তাহাই হয়। 'ত' প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায় হয়, ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় এবং স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায় হয়। যথা—পঠ্+ত=পঠিতঃ; তেন গ্রন্থঃ; পঠিতঃ—সে গ্রন্থ পাঠ করিয়াছে। তেন পত্রী পঠিতা—সে পত্র পাঠ করিয়াছে। তেন পুস্তকং পঠিতম্—সে পুস্তক পাঠ করিয়াছে।

১৩৮। অকর্ম্মক ধাতু উত্তর এবং গম, রুহ্ প্রভৃতি কতকগুলি সকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে 'ত' প্রত্যয় হয়। কর্ত্তৃবাচ্যে 'ত' প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা কর্ত্তার বিশেষণ। যথা—মৃ+ত=মৃতঃ, পুরুষো মৃতঃ—পুরুষ মরিয়াছে; স্ত্রী মৃতা—স্ত্রী মরিয়াছে; অপত্যং মৃতম্—সন্তান মরিয়াছে। ভূ+ত=ভূতঃ; স্থা—স্থিতঃ; ভী—ভীতঃ; জাগৃ—জাগরিতঃ; গম্—গতঃ। স গৃহং গতঃ—সে গৃহে

গিয়াছে। রুহ্—রূঢ়ঃ; বানরো বৃক্ষম্ আরূঢ়ঃ—বানর গাছে আরোহণ করিয়াছে।

১৩৯। অকর্ম্মক ও সকর্ম্মক—এই দুইপ্রকার ধাতুর উত্তর ভাববাচ্যে 'ত' হয়। ভাববাচ্যে 'ত' প্রত্যয় করিয়া, যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ সর্ব্বদাই ক্লীবলিঙ্গ শব্দের প্রথমা বিভক্তির একবচনের ন্যায় হইয়া থাকে। যথা—ময়া জিতম—আমি জিতিয়াছি। তেন কুত্র স্থিতম্—সে কোথায় ছিল? ত্বয়া দৃষ্টম্—তুমি দেখিয়াছ। শিশুনা রুদিতম্—শিশু রোদন করিল। ময়া ভুক্তম্—আমি খাইয়াছি। তেন জাগরিতম্—সে জাগিয়াছে। চৌরেণ পলায়িতম্—চোর পলাইল।

## শতৃ

১৪০। কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে পরস্মৈপদী ধাতুর উত্তর শতৃ প্রত্যয় হয়। শতৃর অৎ থাকে। শতৃ প্রত্যয় করিলে যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। যথা—গম্+শতৃ= গচ্ছৎ; কৃ+শতৃ=কুর্ব্বৎ; দা+শতৃ=দদৎ; দৃশ্+শতৃ= পশ্যৎ; জি+শতৃ=জয়ৎ; স্থা+শতৃ=তিষ্ঠৎ; পত্+শতৃ= পতৎ; ধাব্+শতৃ=ধাবৎ।

## শানচ্

১৪১। কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে আত্মনেপদী ধাতুর উত্তর শানচ্ প্রত্যয় হয়। শানচ্ প্রত্যয়ের আন থাকে। শানচ্ প্রত্যয় নিষ্পন্ন শব্দ কর্ত্তার বিশেষণ, এই হেতু কর্ত্তার যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন হয়, ঐ সকল শব্দেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইয়া থাকে। যথা—দা+শানচ =দদানঃ, যুজ্+শানচ্=যুঞ্জানঃ; অধি—ই+শানচ্= অধীয়ানঃ; কৃ+শানচ্=কুর্ব্বাণঃ; শী+শানচ্=শয়ানঃ ক্রী+শানচ্=ক্রীণানঃ।

আস্ ধাতুর উত্তর শানচ্ প্রত্যয়ের আ স্থানে ঈ হয়। যথা—আস্+শানচ্ (শ্ ও চ্ ইৎ আন থাকে)=আস্+আন (আ স্থানে ঈ)=আস্+ঈন=আসীনঃ।

বিদ্ ধাতুর পরে শতৃ—শতৃ স্থানে বিকল্পে বস্ হয়। যথা—বিদ্+শতৃ (শতৃ স্থানে বিকল্পে বস্) বিদ্+বস্=বিদ্বস্ পক্ষান্তরে বিদ্+শতৃ (শ ও ঋ ইৎ অৎ থাকে)=বিদ+অৎ= বিদৎ। পুং—বিদন্।

### ণক

১৪২। কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর ণক প্রত্যয় হয়। ণ্ ইৎ, অক থাকে। যথা—কৃ+ণক=কারকঃ; জনি+ণক=জনকঃ; গৈ+ণক=গায়কঃ; দৃশ্+ণক=দর্শকঃ; দা+ণক=দায়কঃ; গ্রহ্+ণক=গ্রাহকঃ; ধৃ+ণক=ধারকঃ; স্থাপি+ণক= স্থাপকঃ; হন্+ণক=(ঘাত) ঘাতকঃ।

### তৃন্

১৪৩। কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর তৃন্ প্রত্যয় হয়। তৃনের ন্ ইৎ, তৃ থাকে। যথা—গম্+তৃন্=গন্তৃ; কৃ+তৃন্= কর্ত্তৃ; জ্ঞা+তৃন্=জ্ঞাতৃ; দা+তৃন্=দাতৃ; দৃশ+তৃন্= দ্রষ্টৃ; ধা+তৃন্=ধাতৃ; পা+তৃন্=পাতৃ; প্রচ্ছ+তৃন= প্রষ্টৃ, বুধ্+তৃন্=বোদ্ধৃ; যুধ্+তৃন্=যোদ্ধৃ; লভ্+ তৃন্=লব্ধৃ।

### ক্বসু ও কানচ

১৪৪। কর্ত্তৃবাচ্যে অতীকালে পরস্মৈপদী ধাতুর উত্তর ক্বসু ও আত্মনেপদী ধাতুর উত্তর কানচ হয়। কসুর বস্ ও কানচের আন থাকে। যথা—বিদ্+ক্বসু=বিবিদ্বস্; গম্+ ক্বসু=জগ্মিবস্; কৃ+ক্বসু=চকৃবস্; দৃশ্+ক্বসু=দদৃশ্বস্;

স্থা + ক্বসু = তস্থিবস্ ; শ্রু + ক্বসু = শুশ্রুবস্ ; পচ + ক্বসু = পেচিবস্। যুধ্ + কানচ = যুযুধানঃ ; কৃ + কানচ্ = চক্রাণঃ ; বিদ্ + কানচ্ = বিবিদানঃ ; স্তু + কানচ্ = তুষ্টুবানঃ।

## স্যতৃ ও স্যমান

১৪৫। কর্ত্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে পরস্মৈপদী ধাতুর উত্তর স্যতৃ এবং আত্মনেপদী ধাতুর উত্তর সমান হয়। স্যতৃর স্যৎ থাকে। যথা—ভূ + স্যতৃ = ভবিষ্যৎ ; গম্ + সতৃ = গমিষ্যৎ ; কৃ + স্যতৃ = করিষ্যৎ ; কৃ + স্যমান = করিষ্যমাণঃ ; বচ্ + স্যমান = বক্ষ্যমাণঃ ; দা + স্যমান = দাস্যমানঃ।

## অনুশীলনী

১। কৃৎপ্রত্যয়ান্ত শব্দের লিঙ্গ, বচন ও বিভক্তি কিরূপে নির্ণয় করা যায় ?

২। শতৃপ্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গে যথাক্রমে কোন্ কোন্ শব্দের মত হইয়া থাকে ? শতৃ ও শানচ্ প্রত্যয় কোন্ কোন্ বাচ্যে হইয়া থাকে ?

৩। প্রকৃতি প্রত্যয় নির্ণয় কর :—

স্থাতুম্, কর্ত্তুম্, গত্বা, উক্ত্বা, গৃহীত্বা, আগম্য, আহৃত্য প্রণম্য, জেতবাম্, শ্রোতব্যম্ করণীয়ম্, কার্য্যম্, চিন্তয়িতব্যম্, ক্রীড়িতব্যম্, গ্রহীতবান্, উক্তবান্, উক্তঃ, পঠিতঃ, জাগরিতঃ, আরূঢ়ঃ, ঘাতকঃ, কর্ত্তৃ, শুশ্রুবস্, যুযুধানঃ, চক্রাণঃ, ভবিষ্যৎ, বক্ষ্যমাণঃ।

৪। সংস্কৃতে অনুবাদ কর :—

সে জাগিয়াছে। বালক রোদন করিল। সে খাইয়াছে। বানর গাছে চড়িয়াছে। তাহার স্ত্রী মরিয়াছে। রাম বিদ্যালয়ে গিয়াছে। তাহার পুত্র মরিয়াছে। রাম কোথায় ছিল ? তৎকর্ত্তৃক গ্রন্থ পাঠ করা হইয়াছে ( সে গ্রন্থ পাঠ করিয়াছে )। পুস্তক পাঠ করিতেছে এমন একটি বালিকা। ধন দান করিতেছে এমন একজন ধনী লোক। খেলা দেখিতেছে এমন একটি বালক। দৌড়াইতেছে এমন একটি কুকুর। উচ্চহাস্য করিতেছে এমন একটি বালক।

---

# সমাস

১৪৬। বিভক্তিহীন শব্দকে নাম বলে। ঐ নাম বিভক্তি যুক্ত হইলে, তাহাকে পদ বলা হয়। বৃক্ষ, পশু, গিরি, ভ্রাতৃ এই সকল শব্দে বিভক্তির যোগ হয় নাই, এই অবস্থায় ইহাদিগকে নাম বলে। যথা—বৃক্ষঃ, বৃক্ষৌ, বৃক্ষাঃ। গিরিঃ, গিরী, গিরয়ঃ। পশুঃ, পশূ, পশবঃ। ভ্রাতা, ভ্রাতরৌ, ভ্রাতরঃ এই সকল শব্দে বিভক্তি যুক্ত হইয়াছে; এজন্য ইহাদিগকে নাম না বলিয়া পদ বলে।

১৪৭। প্রত্যেক পদের অন্তে এক একটি বিভক্তি থাকে। কখনও কখনও দুই বা তিন পদ একত্র করা হয়, তখন কেবল শেষের পদটিতে বিভক্তি থাকে। পূর্ব্ব পূর্ব্ব পদে বিভক্তি থাকে না। যথা—সুশীলবালকঃ। পূর্ব্বে 'সুশীলঃ বালকঃ' এইরূপ ছিল; কিন্তু এই দুইটি পদের একত্র যোগ করাতে 'সুশীলবালকঃ' এইরূপ হইল। যোগ হইল বলিয়া সুশীল পদে বিভক্তি নাই; বালক পদ শেষে আছে বলিয়া, কেবল তাহাতেই বিভক্তি রহিল। এইরূপ দুই অথবা বহু পদের একত্র যোগ করাকে **সমাস** কহে।

১৪৮। সমাস ছয় প্রকার। যথা—কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বন্দ্ব, বহুব্রীহি, দ্বিগু ও অব্যয়ীভাব।

কর্ম্মধারয়

১৪৯। বিশেষণ ও বিশেষ্য পদের যে সমাস, তাহার নাম **কর্ম্মধারয়**। যথা—উন্নতঃ তরুঃ = উন্নততরুঃ; নীলম্ উৎপলম্ = নীলোৎপলম্; গভীরঃ কূপঃ = গভীরকূপঃ।

১৫০। যদি বিশেষ্য শব্দ স্ত্রীলিঙ্গ হয়, তবে বিশেষণ শব্দ পুংলিঙ্গের মত হইয়া যায় অর্থাৎ আকার, ঈকার প্রভৃত

স্ত্রীলিঙ্গের যে চিহ্ন তাহা থাকে না। যথা—দীর্ঘা যষ্টিঃ= দীর্ঘযষ্টিঃ; জীর্ণা তরিঃ—জীর্ণতরিঃ; সতী প্রবৃত্তিঃ— সৎপ্রবৃত্তিঃ।

স্বরবর্ণ পরে থাকিলে কুশব্দ স্থানে কৎ হয় এবং পথ ও পুরুষ শব্দ পরে থাকিলে কু শব্দ স্থানে বিকল্পে কা হয়। যথা—কু অন্নম্ = কদন্নম্; কু পন্থাঃ = কাপথঃ, কুপথঃ; কু পুরুষঃ = কাপুরুষঃ, কুপুরুষঃ।

## তৎপুরুষ

১৫১। পূর্ব্ব পদ দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী ইহাদের মধ্যে যে কোনও বিভক্তিযুক্ত, আর পরপদ প্রথমা বিভক্তিযুক্ত, ঈদৃশ দুই পদের যে সমাস হয় তাহাকে **তৎপুরুষ সমাস** বলে। যথা—গৃহং গতঃ = গৃহগতঃ; লোভেন জিতঃ = লোভজিতঃ; পুত্রায়ঃ হিতম্ = পুত্রহিতম্; সর্পাৎ ভয়ম্ = সর্পভয়ম্; বৃক্ষস্য শাখা = বৃক্ষশাখা; পুরুষেষু উত্তমঃ = পুরুষোত্তমঃ।

১৫২। ধাতুর সহিত উপপদের যে সমাস হয়, তাহাকে **উপপদ (তৎপুরুষ) সমাস** বলে। যথা—কুম্ভং করোতি ইতি কুম্ভকারঃ; ধনম্ অপহরতি ইতি ধনাপহারী; দ্বারম্ পালয়তি ইতি দ্বারপালঃ; সূত্রং ধরতি ইতি সূত্রধারঃ; ভাসং করোতি ইতি ভাস্করঃ; বিহায়সা (শূন্যমার্গেণ) গচ্ছতি ইতি বিহঙ্গমঃ; শোকম অপহন্তি ইতি শোকাপহঃ।

১৫৩। সুবন্ত পদের সহিত নঞ্ অব্যয়ের যে সমাস হয়, তাহাকে **নঞ্ তৎপুরুষ সমাস** বলে। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে সমাসে ন স্থানে অ হয়, আর স্বরবর্ণ পরে থাকিলে ন স্থানে অন্ হয়। **ন স্থানে অ**; যথা—ন ব্রাহ্মণঃ = অব্রাহ্মণঃ; ন

প্রিয়ঃ = অপ্রিয়ঃ ; ন ধর্ম্মঃ = অধর্ম্মঃ ; ন পরঃ = অপরঃ ; ন কালঃ = অকালঃ ; ন সময়ঃ = অসময়ঃ। **ন স্থানে অন ;** যথা—ন আদরঃ = অনাদরঃ ; ন আদিঃ = অনাদিঃ ; ন অন্তঃ = অনন্তঃ ; ন আচারঃ = অনাচারঃ ; ন উর্দ্ধঃ = অনূর্দ্ধঃ ; ন অপেতঃ = অনপেতঃ।

## দ্বন্দ্ব

১৫৪। পরস্পর বিশেষ্য বিশেষণ নয়, এরূপ প্রথমা বিভক্তিযুক্ত দুই অথবা বহুপদের যে সমাস, তাহার নাম **দ্বন্দ্ব।** যদি একবচনান্ত দুই পদে দ্বন্দ্ব সমাস হয়, তবে শেষের পদ দ্বিবচনান্ত হয়। আর সর্ব্বত্র ( অর্থাৎ একবচনান্ত তিন কি চারি পদে দ্বন্দ্ব সমাস হইলে, শেষের পদ ) বহুবচনান্ত হয়। শেষের পদের যে লিঙ্গ, দ্বন্দ্ব সমাস করিলে সেই লিঙ্গই থাকে। দ্বন্দ্ব সমাসের ব্যাসবাক্যে প্রত্যেক পদের শেষে 'চ' যোগ করিতে হয়। যথা—রামশ্চ লক্ষ্মণশ্চ = রামলক্ষ্মণৌ ; এইরূপ ভীমঃ অর্জ্জুনঃ = ভীমার্জ্জুনৌ; নদী পর্ব্বতঃ = নদীপর্ব্বতৌ ; ফলং পুষ্পম্ = ফলপুষ্পে। কন্দঃ মূলং ফলম্ = কন্দমূলফলানি ; রূপঃ রসঃ গন্ধঃ স্পর্শঃ শব্দঃ = রূপরসগন্ধস্পর্শশব্দাঃ। ইহার নাম **ইতরেতর দ্বন্দ্ব।**

১৫৫। কখনও কখনও দ্বন্দ্ব সমাস করিলে, শেষের পদ যে লিঙ্গেরই হউক না কেন, সমস্ত পদ ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হইয়া যায়। ইহাকে **সমাহার দ্বন্দ্ব** বলে। যথা—হংসঃ কোকিলঃ = হংসকোকিলম্ ; পাণী পাদৌ = পাণিপাদম্।

## বহুব্রীহি

১৫৬। যে কয় পদের সমাস করা যায়, সে কয় পদের যে অর্থ, তাহা প্রধান ভাবে না বুঝাইয়া যদি অন্য বস্তু বা ব্যক্তিকে প্রধান ভাবে বুঝায়, তবে উহাকে **বহুব্রীহি সমাস** বলে।

বহুব্রীহির ব্যাসবাক্যে যদ্ শব্দের একটি পদ থাকে। যথা—
দীর্ঘৌ বাহু যস্য, দীর্ঘবাহুঃ ( পুরুষঃ ) ; এ স্থলে দীর্ঘ দুই বাহু
না বুঝাইয়া, দীর্ঘবাহুবিশিষ্ট পুরুষ বুঝাইল। নির্ম্মলং জলং
যস্যাঃ, নির্ম্মলজলা ( নদী ) ; এ স্থলে নির্ম্মল ও জল এই
দুইয়ের একটিও না বুঝাইয়া, নির্ম্মলজলবিশিষ্টা নদী
বুঝাইল।

১৫৭। বহুব্রীহি সমাসে পূর্ব্বস্থিত বিশেষণপদ পুংলিঙ্গ
হইয়া যায় অর্থাৎ স্ত্রীলিঙ্গের চিহ্ন আকার ঈকার প্রভৃতি থাকে
না। যথা—নির্ম্মলা মতির্যস্য = নির্ম্মলমতিঃ ; মৃদ্বী গতির্যস্য =
মৃদুগতি।

## দ্বিগু

১৫৮। যাহাতে পূর্ব্বপদ সংখ্যাবাচক শব্দ ও যাহাতে
সমাহার থাকে অর্থাৎ এককালে অনেক বস্তুর বোধ হয়,
উহাকে **সমাহার দ্বিগু** বলে। সমাহার ভিন্ন অন্য অর্থেও দ্বিগু
হয়। সমাহার দ্বিগু করিলে, অকারান্ত সমস্ত পদ কোনও
কোনও স্থলে স্ত্রীলিঙ্গ ও ঈকারান্ত হয় ; কোনও কোনও স্থলে
ক্লীবলিঙ্গ হয়। যথা— ত্রয়াণাং লোকানাং সমাহারঃ = ত্রিলোকী
এ স্থলে স্ত্রীলিঙ্গ ও সমস্তপদে ঈ হইল ; ত্রিলোকী বলিলে এক
কালে তিন লোকের বোধ হয়। ত্রয়াণাং ভুবনাং সমাহারঃ =
ত্রিভুবনম্।

## অব্যয়ীভাব

১৫৯। সামীপ্য, বীপ্সা, অনতিক্রম, অভাব, পর্য্যন্ত
ইত্যাদি অর্থে যে সমাস হয়, তাহার নাম **অব্যয়ীভাব**। যে কয়
পদে সমাস হয়, তন্মধ্যে প্রথম পদ অব্যয় শব্দ। সমাস করিলে
শেষের শব্দ যদি অকারান্ত থাকে, তবে তাহার রূপ, পঞ্চমী
ভিন্ন আর সকল বিভক্তিতেই অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের

প্রথমার একবচনের ন্যায় হয়। তদ্ভিন্ন সর্ব্বত্র অব্যয় শব্দের প্রথমার একবচনের ন্যায় কোণও বিভক্তির চিহ্ন থাকে না। যথা—কূলস্য সমীপে=উপকূলম্; গৃহে গৃহে=প্রতিগৃহম্; শক্তিমনতিক্রম্য=যথাশক্তি; বিঘ্নস্য অভাবঃ=নির্বিঘ্নম্; আসমুদ্রাৎ (সমুদ্র) পর্য্যন্তম্=আসমুদ্রম্।

**অনুশীলনী**

১। সমাস কাহাকে বলে? সমাস কত প্রকার ও কি কি? প্রত্যেক প্রকারের লক্ষণ বল এবং এক একটি উদাহরণ দাও।

২। কর্ম্মধারয় ও তৎপুরুষ সমাসে কি পার্থক্য আছে? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৩। ব্যাসবাক্যসহ কোন্‌টি কোন্ সমাস বল:—

সুশীলবালকঃ, নীলোৎপলম্, জগৎপতিঃ, মহাবলঃ, সুগন্ধিঃ, দীর্ঘযষ্টিঃ, সৎপ্রবৃত্তিঃ, কাপুরুষঃ, কুপথঃ, সর্পভয়ম্, ধনাপহারী, বিহঙ্গমঃ, শোকাপহঃ, অব্রাহ্মণঃ, অনায়াসঃ, ভীমার্জ্জুনৌ, পাণিপাদম্, নির্ম্মলজলা, দীর্ঘবাহুঃ, মৃদুগতিঃ, ত্রিলোকী, ত্রিভুবনম্, যথাশক্তি।

# তদ্ধিত প্রত্যয়

১৬০। অর্থবিশেষে শব্দের উত্তর তা, ত্ব, বৎ, মৎ প্রভৃতি প্রত্যয় হয়। সেই সকল প্রত্যয়কে তদ্ধিত প্রত্যয় বলে। তদ্ধিত প্রত্যয় নানা প্রকার; তন্মধ্যে কতকগুলির বিষয় সংক্ষেপে লিখিত হইতেছে।

**তা, ত্ব**

১৬১। ভাব অর্থ বুঝাইলে প্রতিপদিকের উত্তর তা ও ত্ব হয়। তা প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ ও ত্ব প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হইয়া থাকে। যথা—প্রভু+তা=প্রভুতা, প্রভু+ত্ব=প্রভুত্বম্ (প্রভুর ভাব); এইরূপ লঘুতা, লঘুত্বম্ (লঘুর ভাব); পশুতা, পশুত্বম্ (পশুর ভাব); খলতা, খলত্বম্ (খলের ভাব)।

## বৎ

১৬২। সাদৃশ্য অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর বৎ হয়। এই বৎ প্রত্যায়ান্ত শব্দ অব্যয়। যথা—চন্দ্র+ইব= চন্দ্রবৎ—চন্দ্রের মত; এইরূপ পিতৃবৎ ( পিতার মত ); মাতৃবৎ ( মায়ের মত ), পুত্রবৎ (পুত্রের মত) ; গুরুবৎ (গুরুর মত )।

## মৎ

১৬৩। যাহার বা যাহাতে আছে, এই অর্থে প্রাতিপদিকের উত্তর মৎ হয়। যথা—বুদ্ধি আছে যাহার, এই অর্থে বুদ্ধি+মৎ, পুং=বুদ্ধিমান্ ; শ্রী যাহার আছে, শ্রীমান্ ; এইরূপ ধীমান্। মতিমান্; অংশুমান্। অগ্নি আছে যাহাতে, অগ্নিমান।

অবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর, মতের ম স্থানে ব হয়। যথা—জ্ঞান আছে যাহার এই অর্থে জ্ঞান+মৎ, মতের ম স্থানে ব=জ্ঞানবৎ, পুং=জ্ঞানবান্; এইরূপ বলবান্, বিদ্যাবান্ দয়াবান্।

## ইন্

১৬৪। যাহার বা যাহাতে আছে এই অর্থে, একের অধিক স্বরবিশিষ্ট অবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে ইন্ হয়; ইন্ হইলে অন্ত্যস্বরের লোপ হয়। যথা—জ্ঞান আছে যাহার অথবা জ্ঞান আছে যাহাতে এই অর্থে জ্ঞান+ইন্ পুং—জ্ঞানী ; এইরূপ গুণী, ধনী ; পক্ষে জ্ঞানবান, ধনবান্।

## বিন্

১৬৫। যাহার বা যাহাতে আছে এই অর্থে, অস্‌ভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিন্ হয়। যথা—যশস্+বিন্=যশস্বী ; তেজস্+বিন্=তেজস্বী ; তপস্+বিন্=তপস্বী ; পয়স্+বিন্

=পয়স্বী ; স্রজ্ + বিন্ = স্রগ্বী ; মায়া + বিন্ = মায়াবী ; মেধা + বিন্ = মেধাবী।

### তর

১৬৬। দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তর হয়। যথা—দুইয়ের মধ্যে দৃঢ় দৃঢ়তরঃ ; দুইয়ের মধ্যে গুরু গুরুতরঃ ; দুয়ের মধ্যে মৃদু মৃদুতরঃ।

### তম

১৬৭। অনেকের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তম হয়। যথা—অনেকের মধ্যে দৃঢ় দৃঢ়তমঃ ; অনেকের মধ্যে গুরু গুরুতমঃ ; অনেকের মধ্যে মৃদু মৃদুতমঃ।

### ময়

১৬৮। বিকার অবয়ব অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময় হয়। যথা—স্বর্ণের বিকার, এই অর্থে স্বর্ণ + ময় = স্বর্ণময়ম্ ; এইরূপ রজতের বিকার, রজতময়ম্ ; লৌহের বিকার, লৌহময়ম্ ; মৃদের বিকার, মৃন্ময়ম্ ; দারু যাহার অবয়ব, দারুময়ম্ ; কাষ্ঠ যাহার অবয়ব, কষ্ঠময়ম্ ; ঊর্ণা যাহার অবয়ব, ঊর্ণাময়ম্।

### ধা

১৬৯। প্রকার অর্থ বুঝাইলে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ধা হয়। ধা প্রত্যয়ান্ত শব্দ সকল অব্যয়। যথা—এক প্রকার, এই অর্থে এক + ধা, একধা ; এইরূপ দ্বি প্রকার দ্বিধা ; ত্রি প্রকার ত্রিধা ; চতুঃ প্রকার চতুর্ধা। নকারান্ত শব্দের উত্তর ধা প্রত্যয় হইলে, শব্দের অন্তস্থিত নকারের লোপ হয়। যথা—পঞ্চ ( পঞ্চন্ ) প্রকার পঞ্চধা ; নব (নবন্ ) প্রকার নবধা।

### তস্

১৭০। পঞ্চমী ও ৭মী বিভক্তির স্থানে বিকল্পে তস্ হয়। যথা—পঞ্চমী গৃহাৎ গৃহতঃ, গ্রামাৎ গ্রামতঃ, উভয়স্মাৎ উভয়তঃ, একস্মাৎ একতঃ। সপ্তমী—অগ্রে অগ্রতঃ, আদৌ আদিতঃ, অন্তে অন্ততঃ।

### ত্র

১৭১। সর্ব্বনাম প্রাতিপদিকের সপ্তমীর বিভক্তির স্থানে বিকল্পে ত্র হয়। যথা—সর্ব্বস্মিন্ সর্ব্বত্র, অন্যস্মিন্ অন্যত্র, একস্মিন্ একত্র, পরিস্মিন্ পরত্র, উভয়স্মিন্ উভয়ত্র।

### থা

১৭২। প্রকার অর্থ বুঝাইলে, সর্ব্বনামের তৃতীয়া বিভক্তির স্থানে থা হয়। যথা—অন্যেন প্রকারেণ—অন্যথা, সর্ব্বৈঃ প্রকারৈঃ—সর্ব্বথা, ইতরেণ প্রকারেণ—ইতরথা।

### তন

১৭৩। উৎপত্তি বা ঘটনা বুঝাইলে, কালবাচক অব্যয় শব্দের উত্তর তন হয়। যথা—অদ্য ভবম্ বা জাতম্ এই অর্থে অদ্য + তন = অদ্যতনম্, সায়ং + তন = সায়ন্তনম্, পুরা + তন = পুরাতনম্, চিরং + তন = চিরন্তনম্ এইরূপ অধুনা—অধুনাতনম্, ইদানীম্ – ইদানীন্তনম্, তদানীম্ – তদানীন্তনম্।

### চিৎ, চন

১৭৫। বিভক্ত্যন্ত কিম্ শব্দের উত্তর চিৎ ও চন হয় অনিশ্চয়ার্থে। যথা – কঃ + চিৎ = কশ্চিৎ, কঃ + চন = কশ্চন, এইরূপ কিম—কিঞ্চিৎ, কঞ্চন; কা—কাচিৎ, কাচন; কে—কেচিৎ, কেচন; কেনচিৎ, কেষাঞ্চিৎ কয়াচিৎ, কস্যাশ্চিৎ, কাসাঞ্চিৎ। কুতশ্চিৎ, কুতশ্চন; ক্বচিৎ, ক্বচন, কুত্রচিৎ কুত্রচন।

### ইমন্

১৭৫। ভাব অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ইমন্ হয়। যথা—বহুর ভাব এই অর্থে বহু=ইমন্—ভূমা। গুরুর ভাব গরিমা, লঘুর ভাব লঘিমা, নীলের ভাব নীলিমা।

### দা

১৭৬। কাল বুঝাইলে সর্ব্বনাম প্রাতিপদিকের সপ্তমীর স্থানে দা হয়। যথা—সর্ব্বস্মিন্ কালে এই অর্থে সর্ব্ব+দা= সর্ব্বদা; একস্মিন্ কালে এই অর্থে এক+দা=একদা; অন্যস্মিন্ কালে এই অর্থে অন্য+দা=অন্যদা; কস্মিন্ কালে এই অর্থে কিম্+দা=কদা, তস্মিন্ কালে এই অর্থে তদ্+ দা=তদা।

### অনুশীলনী

১। তদ্ধিত প্রত্যয় কাহাকে বলে? কতকগুলি তদ্ধিত প্রত্যয়ের নাম কর। তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দগুলির কোন্ কোন্ Part of Speech হইয়া থাকে?

২। তা, ইমন্, ধা, দা, থা, তস্, ত্র, চিৎ, চন, বিন্, তর, তম প্রত্যয়ান্ত কতকগুলি শব্দের নাম কর।